Daily Monitoring Report

Directorate of Monitoring
Bangladesh Betar, Dhaka
e-mail: dmrbbd@gmail.com

বাংলাদেশ বেতার

Asharh 19, 1429 Bangla, July 03, 2022, Sunday, No. 185, 52nd year

H I G H L I G H T S

Information and Broadcasting Minister says, no TV channel in Bangladesh could broadcast more than one foreign serial at a time. The decision has been taken to protect heritage and culture of the country. (VOA: 08)

The Hindu-Buddhist-Christian Unity Council stages a protest rally, claiming that foreign minister's recent remarks in Delhi on communal violence, attacks on minority teachers and shrines were false. (R. Tehran: 11)

Despite adequate stocks, prices of all types of spices have gone up in the market ahead of Eid-ul-Azha. Prices of garlic, cardamom, cinnamon, cloves, cumin, turmeric and coriander have gone up at both wholesale and retail levels. (VOA: 10)

BNP accuses AL is obstructing its relief distribution program among flood-hit people in Fulgazi upazila of Feni - alleges that Juba and Chhatra League activists raided the houses of BNP leaders in every village on Friday night. (R. Tehran: 10)

Rajshahi University authority has finally been able to accommodate 20 students in Hossain Shahid Suhrawardy Hall. However, due to the obstruction of Chhatra League, it was not possible to transfer five of the 20 students to the allotted room. (R. ABC: 14)

Recently, there have been two major floods in Sylhet and other parts of the country have also been flooded. Therefore, new debates are being created about the way the infrastructures have been constructed. (BBC: 05)

Six people have been arrested on charges of cheating under the guise of RAB. RAB arrested them from Bayazid Bostami area in chottogram on Friday night. (R. ABC: 14)

Two children have gone missing in a river after being chased by BSF while entering Bangladesh from India illegally at the Phulbari border in Bangladesh's Kurigram district. (VOA: 09)

Dengue patients are increasing day by day. A total of 151 dengue patients are being treated at various hospitals across country & another 49 newly infected patients have been admitted to hospitals. (VOA: 09)

DGHS informs, 6 more people died of COVID-19 yesterday & death toll is 29,160 - 1,105 people tested positive taking number of confirmed cases to more than 19,76,787. (VOA: 09)

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
আষাঢ় ১৯, ১৪২৯ বাংলা, জুলাই ০৩, ২০২২, রবিবার, নং- ১৮৫, ৫২তম বছর

শিরোনাম

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ জানান, বাংলাদেশের কোনো টিভি চ্যানেল একসঙ্গে একাধিক বিদেশি সিরিয়াল সম্প্রচার করতে পারবে না। দেশের ইতিহাস-ঐতিহ্য-সংস্কৃতি রক্ষায় এ সিদ্ধান্ত নিয়েছে তথ্য মন্ত্রণালয়। (ভোয়া: ০৮)

সাম্প্রদায়িক নির্যাতন, সংখ্যালঘু শিক্ষকদের উপর সাম্প্রতিক হামলা এবং পূজামণ্ডপে হামলা প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী সম্প্রতি যে বক্তব্য রেখেছেন তা মিথ্যাচার বলে দাবি করে প্রতিবাদ সমাবেশ করেছে হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ। (রে. তেহরান: ১১)

পর্যাপ্ত মজুত থাকা সত্ত্বেও ইদুল-আজহাকে সামনে রেখে সব ধরনের মশলার দাম বেড়েছে বাংলাদেশের রাজধানী ঢাকার বাজারে। পাইকারি ও খুচরা উভয় পর্যায়ে দাম বেড়েছে রসুন, এলাচ, দারুচিনি, লবঙ্গ, জিরা, হলুদ এবং ধনিয়ার দাম বেড়েছে। (ভোয়া: ১০)

ফেনী জেলার ফুলগাজী উপজেলায় বন্যার্তদের মাঝে দলীয় উদ্যোগে ত্রাণ বিতরণ কর্মসূচিতে বাধা দেয়ার অভিযোগ করেছে বিএনপি। এদিকে, দৌলতপুরসহ ফুলগাজীর প্রতিটি গ্রামে বিএনপি নেতাদের বাড়িতে শুক্রবার রাতে যুবলীগ-ছাত্রলীগ কর্মীরা অভিযান চালায় বলে অভিযোগ উঠেছে। (রে. তেহরান: ১০)

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হোসেন শহিদ সোহরাওয়ার্দী হলে শেষ পর্যন্ত ২০ শিক্ষার্থীকে কক্ষে তুলে দিতে পেরেছে হল প্রশাসন। তবে ছাত্রলীগের বাধার মুখে ওই ২০ শিক্ষার্থীর মধ্যে পাঁচজনকে বরাদ্দ করা কক্ষে তুলে দেয়া সম্ভব হয়নি। (রে. এবিসি: ১৪)

সম্প্রতি সিলেট জেলায় বিস্তীর্ণ এলাকা জুড়ে দু্দফায় প্রবল বন্যা হয়েছে এবং দেশের অন্যান্য জায়গায়ও বন্যা পরিস্থিতি তৈরী হয়েছে। এজন্য অবকাঠামোগুলো যেভাবে নির্মাণ করা হয়েছে সেগুলো নিয়ে নতুন বিতর্ক তৈরী হচ্ছে। (বিবিসি: ০৫)

র‍্যাব পরিচয়ে প্রতারণার অভিযোগে ৬জনকে গ্রেফতার করা হয়েছে। শুক্রবার রাতে চট্টগ্রাম নগরীর বায়েজিদ বোস্তামি এলাকা থেকে র‍্যাব তাদের গ্রেফতার করে। (রে. এবিসি: ১৪)

কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী সীমান্তে ভারত থেকে বাংলাদেশে প্রবশের সময় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফের) ধাওয়ায় নদীতে পড়ে দুই শিশু নিখোঁজ হয়েছে। (ভোয়া: ০৯)

দেশে ডেঙ্গু রোগী বাড়ছে প্রতিদিন। দেশটির বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত ১৫১ রোগী চিকিৎসাধীন রয়েছেন এবং নতুন আক্রান্ত আরও ৪৯ রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। (ভোয়া: ০৯)

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় ৬জনের মৃত্যু হয়েছে। আর এ সময়ে ১ হাজার ১০৫জনের দেহে এই ভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে এখন পর্যন্ত করোনায় মৃতের সংখ্যা ২৯ হাজার ১৬০জন এবং শনাক্তের সংখ্যা ১৯ লাখ ৭৬ হাজার ৭৮৭জনে পৌঁছেছে। (ভোয়া: ০৯)

বিবিসি

নড়াইলে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মোবাইল ব্যবহার নিষিদ্ধ

বাংলাদেশের নড়াইল জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষাথীদের জন্য মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ করেছে জেলা প্রশাসন। সম্প্রতি জেলার একজন শিক্ষককে জুতোর মালা পরিয়ে হেনস্তার ঘটনার পর কর্তৃপক্ষ বলছে যে, শিক্ষার্থীরা ফোন ও ইন্টারনেট ব্যবহার করে সাইবার অপরাধে জড়িয়ে পড়ছে এবং অপ্রীতিকর নানা ঘটনার জন্ম দিচ্ছে। যদিও বিশ্লেষকরা বলছেন যে, শিক্ষার্থীদের যথাযথ পরিচর্যা নিশ্চিত না করে শুধু ফোন বন্ধ করে কোন সুফল মিলবে না। ঢাকা থেকে রাকিব হাসনাত :

বাংলাদেশের নড়াইল জেলায় কথিত ধর্ম অবমাননার অভিযোগ তুলে একটি কলেজের অধ্যক্ষকে হেনস্থার ঘটনার পর জেলা শিক্ষা অফিস ঐ জেলার সব স্কুল, কলেজ ও মাদ্রাসায় শিক্ষার্থীদের জন্য মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ করেছে। নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীরা কোনভাবে মোবাইল ফোন নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে আসতে পারবে না। কারো কাছে এরপরেও মোবাইল ফোন পাওয়া গেলে সেটি জব্দ করে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। জেলা শিক্ষা কর্মকর্তা এসএম সাইদুর রহমান বলছেন যে, শিক্ষার্থীরা ফোন ও ইন্টারনেট ব্যবহার করে সাইবার অপরাধে জড়িয়ে পড়ছে বলেই এ ধরনের ব্যবস্থা নিয়েছেন তারা, (স্বকণ্ঠে) : আমাদের শিক্ষার্থীরা ফেসবুক, মেসেঞ্জার ব্যবহারের ক্ষেত্রে তারা বিভিন্ন ধরনের অপরাধ করে ফেলছে। তারা বুঝে না বুঝে বিভিন্ন আপত্তিকর পোস্ট শেয়ার করছে, লাইক দিচ্ছে। এর কারণে যে সমস্যাগুলো তৈরি হচ্ছে সেখান থেকে আমাদের শিক্ষার্থীদেরকে রক্ষার জন্য আমরা এটা করেছি।

বিবিসি : শুধু স্কুল টাইমে এটা ব্যবহার করতে পারল না কিন্তু বাইরে তো পারছে। সে ক্ষেত্রে এটা কতটা কার্যকর হচ্ছে। মি. সাইদুর : ঈদের পর আমরা প্রতিটি প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ করবো। স্কুলের বাইরে তো তারা অভিভাবকদের কাছে থাকবে। সেখানেও যাতে তারা অভিভাবকদের নিয়ন্ত্রণে থাকে, সেজন্য প্রতিটি স্কুলে অভিভাবক সমাবেশ করবো। তাদের সাথে করে নিব। নড়াইল সদরের একটি কলেজের একজন শিক্ষার্থীর একটি ফেসবুক পোস্টকে কেন্দ্র করে কলেজটির অধ্যক্ষকে জুতার মালা পরিয়ে হেনস্থার ঘটনায় দেশ জুড়ে তোলপাড় হওয়ার পর এমন উদ্যোগ নিল কর্তৃপক্ষ। প্রায় একই কারণে আরো একটি ঘটনা অন্য একটি স্কুলের অষ্টম শ্রেণীর একজন শিক্ষার্থীও ঘটিয়েছিল বলে বলছেন শিক্ষা কর্মকর্তারা। তবে ফেসবুকে পোস্ট দিয়ে বা ফেসবুকে কারো পোস্টকে কেন্দ্র করে বাংলাদেশে গত কয়েক বছরে বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে নানা ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জোবায়দা নাসরিন বলছেন সমাজে শিক্ষার যে প্রক্রিয়া তার মধ্যেই এক ধরনের অরাজকতা তৈরি হয়েছে, যা থেকে বেরিয়ে আসতে দরকার সামাজিক উদ্যোগ, (স্বকণ্ঠে) : বিষয়টিকে একভাবেই শুধু দেখা যাবে না। আমাদের এখন যে রাজনৈতিক ব্যবস্থা সেখানে ধর্ম সবচেয়ে বড় অস্ত্র। আমরা যখন থিসিস ও সুপারভাইজ করি তখনও কিন্তু শিক্ষার্থীরা ভালোভাবে নেয় না। আমাদের এভাবে বলছেন কেন, ওভাবে বলছেন কেন; পুরো সমাজ প্রক্রিয়াটাই একদম পাল্টে গিয়েছে। শুধু মোবাইল বন্ধ করে বা নির্দিষ্টভাবে দু/একজনকে চিহ্নিত করে শাস্তি দিয়ে বিষয়টির কোন সমাধান গঠবে বলে আমার মনে হয় না।

বাংলাদেশে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কর্তৃত্ব বজায় রাখতে স্থানীয় প্রভাবশালীরা অনেক সময় শিক্ষক-শিক্ষার্থীকে ব্যবহার করেন বলে অভিযোগ আছ। আবার শিক্ষকরাও নিজেদের স্বার্থে অনেক সময় শিক্ষার্থীদের ব্যবহার করেন। প্রাইভেট টিউশনি বা কোচিং ব্যবসাকে কেন্দ্র করে শিক্ষকদের মধ্যে রেষা-রেষি প্রত্যন্ত এলাকা পর্যন্ত বিস্তৃত হয়েছে। আবার অনেক সময় অনেক ঘটনাকে সাম্প্রদায়িক রং দিয়ে সুবিধা আদায়ের উদাহরণও আছে। এগুলো থেকে বাদ পড়ছে না শিক্ষা প্রতিষ্ঠানও। শিক্ষা বিষয়ক বিশেষজ্ঞ এস এম হাফিজুর রহমান বলছেন শিক্ষার্থীদের সবদিক থেকে যথাযথ গাইডেন্স বা পরিচর্যা নিশ্চিত করা না গেলে সমস্যার সমাধান করা অসম্ভব (স্বকণ্ঠে) : গাইডেন্স বলে একটি শব্দ আমরা ব্যবহার করি। যদি আমরা পজিটিভলি যুক্ত হই যে, আমরা এর সমস্যাগুলোও দেখবো আবার প্রযুক্তির সঠিক ব্যবহারের বিষয়টিও দেখবো। স্কুলের ক্ষেত্রে গাইডেন্সের প্রয়োজন অবশ্যই আছে।

শিক্ষকদের কয়েকজন অবশ্য বলছেন শিক্ষার্থীদের বাইরে থেকে বেশি প্রভাবিত করার চেষ্টা করা হয় বলে অনেক সময় কোন ঘটনা ঘটলে সেটি আর শিক্ষা প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে রাখা যায় না। সে জন্য স্কুল ব্যবস্থাপনা থেকে শুরু করে শিক্ষণ পদ্ধতি সবকিছু নিয়েই চিন্তা করা প্রয়োজন বলে মনে করছেন তারা।

(বিবিসি: ১৯৩০ ঘ. ০২/০৭/২২ রিহাব/কোহিনূর)

বিবিসির সাপ্তাহিক ফোন ইনের অনুষ্ঠান

ফোন ইন এর আজকের বিষয় বাংলাদেশের বিভিন্ন শহরে এবং মহাসড়কে মোটর সাইকেলের ব্যবহার নিয়ে নানা বিতর্ক আছে। মোটর সাইকেল নিয়ে সমস্যা কিভাবে এড়ানো সম্ভব হবে বলে আপনি মনে করেন, শুরুতেই এই বিষয়ে মতামত জানাবেন সাবিনা বেগম। তিনি যোগ দিচ্ছেন ঝালকাঠি থেকে।

মিস সাবিনা : আমি বলতে চাই মোটর সাইকেল যার বর্তমান নাম হলো মরণ সাইকেল। বাইকার নিজে তো মরেই সাথে অন্যকেও মারে। যুক্তরাষ্ট্রে যে কেউ চাইলেই যেমন অস্ত্র কিনতে পারে, তেমন বাংলাদেশে যে কেউ চাইলেও মোটর সাইকেল চালাতে পারে। বয়সের কোন সীমা রেখা নেই। ১০/১৫ বছরের একটা ছেলে চাইলেও টাকা দিয়ে লাইসেন্স বের করতে পারে। আইনের কোন সঠিক প্রয়োগ নেই। সঠিক প্রয়োগ থাকলে দুর্ঘটনা কম হতো।

বিবিসি : কিভাবে এই সমস্যা এড়ানো সম্ভব?

মিস সাবিনা : এই সমস্যা এড়াতে গেলে আইনের কঠোর প্রয়োগ করতে হবে। যাতে একজনকে যদি আইনের কঠোরতম শাস্তি দেয়া হয় তাহলে অন্যজন যাতে শিক্ষা পায়। কেউ যখনি রাস্তায় বের হবে মোটর সাইকেল নিয়ে তখন সাতবার ভাববে যে, আমার কিভাবে চলা উচিত। আসলে এখন কেউ ভাবে না। এখন মনে করে যে মোটর সাইকেলে সে উঠছে এবং রাস্তাটা তার নিজের বাবার। এখানে পথ যাত্রী বা অন্য কারও কোন অধিকার নেই। মোটর সাইকেলের বেপরোয়া গতি বিষিয়ে তুলছে আমাদের। বর্তমানে আমরা খুব চিন্তিত যে, হয়তবা দুর্ঘটনায় যদি কখনো পড়ি তাহলে মোটর সাইকেলের কারণেই পড়তে হবে।

বিবিসি : অভিভাবকরা কেন কিনে দিচ্ছেন ছোট ছেলেদের?

মিস সাবিনা : সেটাই আমি বলছি যে, যার ছেলে একজন কিশোর সে অপরাধ করছে, দুর্ঘটনা ঘটিয়েছে। ঐ কিশোরকে গ্রেফতার না করে তার বাবাকে গ্রেফতার করতে হবে যে, সে কেন তার বাচ্চাকে মোটর সাইকেল কিনে দিল। সে রাস্তায় উঠার অনুমতি কেন দিল। এরকম কঠোর আইন যদি হয় তাহলে মোটর সাইকেল দুর্ঘটনা এড়ানো সম্ভব।

এবারে আমাদের সাথে ঢাকা থেকে যোগ দিচ্ছেন তানিম আহমেদ।

মি. তানিম : আসলে আমার পূর্বে যিনি মতামত জানিয়েছেন ওনার মতামত আমি শুনেছি। আমি প্রথমে ওনার কিছু প্রশ্নের উত্তর দিতে চাই। আসলে ওনার বলা উচিত ছিল যে প্রকৃত বাইকার এবং অপ্রকৃতবাইকার। অপ্রকৃত এজন্য বলছি, কারণ আমাদের দেশে দুই ধরনের বাইকার রয়েছে যেমন আমি আমার কথা বলছি। আমি নিজে একজন বাইকার। আমরা যারা প্রকৃত বাইকার রয়েছি আমরা কিন্তু যে রুলস রয়েছে সেগুলো মেনে চলছি। একটা বাইক নিয়ে যখন আমি রাইডে বের হবো তখন কিন্তু আমি ১০ বার করে ভাবছি আমি কোন গন্তব্যে যাবো, সেখানে যাওয়ার জন্য আমাকে রাস্তায় কী কী সমস্যা ফেইস করতে হবে, তার জন্য কী কী সেফটি ইকুইপমেন্ট লাগবে আমি সেই জিনিসগুলো নিয়ে তারপর প্রপারলি বাইক রাইড করছি। ওনার কথা ঠিক আছে যে মোটর সাইকেল এক্সিডেন্টগুলো হচ্ছে কিন্তু কাদের জন্য ঐ যে উনি বললো দুর্নীতির কথা। হ্যাঁ, দুর্নীতিটা এখানে রয়েছে কারণ বিআরটিএ থেকে দুর্নীতির মাধ্যমে লাইসেন্স প্রভাইড করে। যারা অদক্ষ চালক চালাতে জানে না তাদেরকেও লাইসেন্স প্রভাইড করে। শুধু এটা মোটর সাইকেলের ক্ষেত্রে নয় বাস, ট্রাক, মাইক্রোবাস, প্রাইভেটকার সবকিছুর জন্য। রাস্তায় বের হলে যেকোন কিছু হলেই দোষ হবে মোটর সাইকেল ওয়ালাদের। আসলে আমি একজন বাইকার হিসেবে মনে করি মোটর সাইকেল ওয়ালাদের দোষের চেয়ে অন্য পরিবহনের দোষ বেশি। একটা বাস যখন ৬০ বা ৮০ কিলোমিটার স্পিড রয়েছে যে রাস্তায় সে রাস্তায় যদি রাইড করে একশো থেকে দেড়শো স্পিডে তখন পাশ দিয়ে যখন একটা মোটর সাইকেল যায় তখন কিন্তু ওদের চাপে বা বাতাসে পড়ে যাওয়ার একটা সম্ভাবনা থাকে তখন এক্সিডেন্টগুলো হয়। এক্সিডেন্ট হলেই আমাদের দেশের কিছু হলুদ মিডিয়া রয়েছে যেখানে চলে আসে, মোটর সাইকেলের এক্সিডেন্ট।

বিবিসি : আপনি বাইকার বলে বাসের দোষ দিচ্ছেন, আবার যিনি বাসের চালক তিনি বাইকারের দোষ দিচ্ছেন?

মি. তানিম : দোষটা কেন দেয়া হবে। আমরা গতকালের নিউজটা দেখেছি, সেখানে পদ্মাসেতুর এক্সিডেন্টে প্রথমে বাইকারের দোষ দেয়া হয়েছে। পরে কিন্তু বাইক বন্ধ করে দেয়া হয়েছে পরে ফুটেজটা আসলে দেখা যাচ্ছে যে, এখানে পদ্মা সেতুতে ছবি তুলছে যারা তাদের বাঁচাতে গিয়ে বাইকটা এক্সিডেন্ট হয়েছে কিন্তু দোষটা হয়েছে বাইকের। কিন্তু কেন সেই প্রাইভেটকার বন্ধ করা হচ্ছে না পদ্মাসেতুতে। শাকুরা পরিবহন অতিরিক্ত গতিতে উল্টাপাল্টা করে চলতে গিয়ে এক্সিডেন্ট করেছে কিন্তু সেটা বন্ধ হয়নি।

এবার তাপসি রাবেয়া যোগ দিচ্ছেন রাজশাহী থেকে।

মিস তাপসি : আমরা রোজার ঈদে দেখেছিলাম মোটর সাইকেলের দীর্ঘলাইন ও যানজট। এখন সামনে কোরবানির ঈদ আসছে। ঈদ উপলক্ষে যে গণপরিবহনের স্বল্পতা, টিকেটের কালোবাজারি ইচ্ছে না থাকলেও অনেকে কিন্তু ভোগান্তি থেকে রেহাই পেতে ঝুঁকি নিয়ে মোটর সাইকেলে ঈদ যাত্রা করছে। ফলে অনেক সময় অনেকে বেপরোয়াভাবে বাইক চালায়। এছাড়া মোটর সাইকেল এখন এতটাই সহজলভ্য হয়ে গেছে যে, কারো টাকা থাকলেই এটা কিনতে পারছে। গণপরিবহন তো আমাদের শক্তিশালী না। তাই অনেক মানুষ বিকল্প ব্যবস্থা হিসেবে মোটর সাইকেল নিয়ে দীর্ঘ যাত্রা

করতে বাধ্য হচ্ছে। আর দীর্ঘ যাত্রার ক্ষেত্রে মোটর সাইকেল না ব্যবহার করাই ভালো। এক্ষেত্রে দুর্ঘটনার সম্ভাবনা বেশি। আর কিছু কিছু অভিভাবক উঠতি বয়সীদের বাইক কিনে দিচ্ছেন। এসব ছেলেরা ড্রাইভিং লাইসেন্স ছাড়া, মাথায় হেলমেট ছাড়া দ্রুত গতিতে বাইক চালায় ফলে অনেক সময় দুর্ঘটনার শিকার হয়।

এবার ঢাকা থেকে যোগ দিচ্ছেন জাহিদ হাসান।

মি. জাহিদ : আমি বলতে চাই যে, হোন্ডার ব্যাপারটা হলো নিয়ম শৃঙ্খলা নেই। বর্তমান যুগের বাবা মায়েরা অল্প বয়সী ছেলেদের বাইক কিনে দিচ্ছেন। এরা যেকোন সময় রাস্তায় হু হু করে বাইক চালায়। আমি মনে করি এটা নিয়ন্ত্রণে রাখা এবং অভিভাবক যারা তাদের বাইক কিনে দিচ্ছে এগুলো না দিয়ে যাদের লাইসেন্স আছে তাদের গতির পরিমাণ ঠিক রেখে হোন্ডা চালালে এটার সমাধান হবে। আর দূরপাল্লার যাত্রায় হোন্ডা ব্যবহার করা ঠিক না।

(বিবিসি : ১৯৩০ ঘ. ০২/০৭/২২ এলিনা/কোহিনূর)

বন্যা নিয়ন্ত্রণের বিভিন্ন দিক নিয়ে একটি বিশেষ আলোচনা

বাংলাদেশে সম্প্রতি যে সিলেট জেলায় বিস্তীর্ণ এলাকা জুড়ে যে প্রবল বন্যা হয়েছে দু,দফায় এবং দেশের অন্যান্য জায়গায়ও বন্যা পরিস্থিতি তৈরী হয়েছে। এখানে অনেকে বলছেন যে অবকাঠামোগুলো যেভাবে নির্মাণ করা হয়েছে সেগুলো নিয়ে একটা নতুন বিতর্ক তৈরী হচ্ছে। এই নিয়ে আজকের বিশেষ আলোচনা। আলোচনায় যোগ দিচ্ছেন বাংলাদেশের একজন দুর্যোগ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ গহর নাইম মহারা এবং যুক্তরাষ্ট্রের পেনসিল ভেনিয়া লকহেভেন ইউনিভার্সিটির প্রফেসর মোঃ খালেকুজ্জামান।

বিবিসি প্রফেসর জামান প্রথমে আপনার কাছে আমি যে বন্যা নিয়ন্ত্রণ বা বন্য মোকাবেলার ক্ষেত্রে অবকাঠামো নির্মাণ নিয়ে যে বিতর্ক বাংলাদেশে নতুন করে তৈরী হয়েছে, এটা কেন হচ্ছে, আপনার তো এ বিষয়ে কিছু গবেষণা আছে?

মি. জামান : বন্যা পরিস্থিতিটা তো আমরা সবাই দেখলাম এবং খুবই দুঃখজনক যে, কী পরিমাণ ক্ষয়ক্ষতি এ বছরের বন্যায় হয়ে গেল ৩ দফায়। এপ্রিলের প্রথম সপ্তাহে হয়েছিল, তারপর মে,র মাঝামাঝি হয়েছিল এবং জুনের মাঝামাঝি হয়েছে। বন্যার কারণগুলো নিয়ে আমরা অনেক আলোচনা করেছি। একটা কারণ হচ্ছে যে, বন্যার সময়ে যে বৃষ্টিপাতটা হয় সেই বৃষ্টিপাতের পানি নদীগুলোতে গিয়ে উপচে পড়েই তো বন্যাটা হয়। তবে সেই বৃষ্টির পানিটা যে নদীতে গড়িয়ে গিয়ে পড়বে, সেটা যদি সহজভাবে গড়িয়ে গিয়ে না পড়তে পারে অর্থাৎ একটা বৃষ্টির ফোটা যখন মাটির উপর পড়ে সেটা কিভাবে গড়িয়ে কোথায় গিয়ে এর জীবন শেষ হবে, এগুলো কিন্তু খুব সহজে আজ-কাল আমরা নির্ধারন করতে পারি মানে ভূ-বিজ্ঞানীরা, যেটাকে রেইন ড্রপ ট্রাকিং বলে। যেজন্য আমি কথাটা বললাম যে আমাদের অববাহিকা অঞ্চলের সিলেটের যে উজানে যে অববাহিকা মেঘনা, সুরমা নদীর যে অববাহিকা এবং মেঘালয় থেকে নেমে আসা নদীগুলোর অববাহিকা। এ অববাহিকাগুলোতে কোথায় কি বৃষ্টি হচ্ছে কতটা বৃষ্টি হচ্ছে সে বৃষ্টির পানিটা কতটুকু গড়িয়ে গিয়ে পাশের নদীতে পড়া উচিত এবং তার জন্য নদীগুলোর যে ধারণক্ষমতা সেটা সঠিক রয়েছে কিনা নদীতে পানি নিয়ে যাওয়ার জন্য বঙ্গোপসাগরে। সেই আলোকেই আলোচনাটা হচ্ছে। এখন বৃষ্টির পানি যে গড়িয়ে গিয়ে পড়বে তাকে যদি বিভিন্ন রাস্তা কিংবা অবকাঠামো বা শহর রক্ষা বাঁধ এমনকি ফসল রক্ষা বাঁধের মাধ্যমে সেই বৃষ্টির ভূ-উপরস্থ পানির প্রবাহকে বাঁধাগ্রস্ত করেন তাহলে বন্যাটা আসলে প্রবলম্বিত হয়। সেই সূত্রেই এই আলোচনাটা যে রাস্তাঘাট বা অন্যান্য অবকাঠামো কিংবা নদীর পাড়ের বাঁধ এগুলো কতটা বন্যাকে প্রশমিত করে কিংবা বন্যার পরিস্থিতি সেটাকে আরও সঙ্কটপূর্ণ করে তোলে।

বিবিসি: গহর নাইম মহারা এখানে যে প্রশ্নটা উঠছে যে শহর রক্ষা বাঁধ প্রফেসর জামান যেমনটি বলছিলেন এবং নানা ধরনের অবকাঠামো। স্থানীয় মানুষজনের কাছে এটা একটা চাহিদাও আছে। যে বন্যা থেকে রক্ষা পাওয়ার জন্য নদী ভাঙ্গন থেকে রক্ষা পাওয়ার জন্য রাস্তা উচু করা, বিভিন্ন ধরনের শহর রক্ষা বাঁধ তৈরী করা এইটাকে কি বাইপাস করে বা এটাকে এড়িয়ে গিয়ে কোন কিছু করা যাবে?

মি. মহারা : একটা তো পপুলার ডিমান্ড আছে মানুষের চাহিদা যে আমাকে বাঁধ দিয়ে দেন। ওই অঞ্চলে যেমন ধরেন মৌলভীবাজারে করা হয়েছে এবং গত কয়েকবছর ধরে আমরা দেখছি যে আগে যেমন মৌলভীবাজারে যেমন বন্যা হতো তেমন হয় না। সেটা আমাদের এই দিকের শহর সুনামগঞ্জে এবং সিলেটে শহর রক্ষার কোন ব্যবস্থাপনা নেই। সিলেটের মেয়র যেটা বার বার বলছেন, যদিও আমার ওয়াকওয়ে করে দেয়া যায় তাহলে এটা রক্ষা পাওয়া যাবে। কিন্তু সেখানে একটা সমস্যা হচ্ছে ছড়ার পানিগুলো যেগুলো নদীতে যাচ্ছে সেগুলোর একটা সমাধান দিচ্ছে। এর আগে জামিলুর রেজা স্যারের সাথে আলোচনা করেছে তার প্রেক্ষিতে একটা গবেষণা হচ্ছে, ওয়াটার ম্যানেজমেন্ট একটা সংস্থা আছে তারা এটা করছে। এগুলো সবটাই আমাদের একটা এখন আমরা যে কথাগুলো বলছি এগুলো ধারণা এবং আমাদের পর্যবেক্ষণ থেকে নেয়া বিভিন্ন কথাবার্তা। কিন্তু একটা এলাকাভিত্তিক গবেষণা যেটা করা দরকার সেটা হয় নাই। আর একটা মজার জিনিস হচ্ছে আমাদের নদীগুলো সম্পর্কিত রাখার যে ব্যবস্থা করলেন যে এই যে পানি পড়বে পানিটা যাবে কোথায়। আমাদের তো মাত্র ৭ ভাগ নদীর মালিক ৯৩ ভাগ নদীর মালিক প্রতিবেশীরা এবং আমরা তাদের কাছ থেকে তথ্যগুলা পাই না, কিভাবে হচ্ছে। এই তথ্যগুলো শুধু বন্যার সময় পেলে হবে না এটা সারাবছর

নদীতে একটা জীবন্ত চিত্র সারাবছরের তথ্যগুলো আমাদের পেতে হবে। এটা সার্বিকভাবে দেখার কোন ব্যবস্থা নেই। সেই সাথে আমাদের স্থানীয় সরকার মন্ত্রী কেটে দিবেন, কিছু কিছু জায়গায় কাটা হয়েছে। মানে এটার পানি আটকে গিয়েছে সেটা। আর একটা বিষয় হলো আমরা যেটাকে বন্যা বলছি আমি এটাকে বন্যা বলতে চাই না। এটা সিলেট অঞ্চলে এবার যেটা হয়েছে এটা আমাদের সাধারণত দক্ষিণাঞ্চলে হয় জলোচ্ছ্বাস এবং তার পর পরই পানি আস্তে আস্তে জলবদ্ধতা। এটাকে পূর্ণ বন্যার সাথে আমরা গুলিয়ে ফেললে এটার সমাধান আমরা পেতে পারবো না। এটা যেভাবে পানি আসছে এটা কেউ কোন সময় চিন্তা করতে পারে নাই। যেহেতু এইভাবে পানি আসে এবং মানুষ তো আসলে অন্য সময় জলোচ্ছ্বাসের যে ওয়ার্নিং পায় এটাতে সেটা ছিল না। এটাতে তারা প্রস্তুত ছিল না এবং তারা সবকিছু হারিয়ে ফেলছে এবং তারা সবকিছু হারিয়ে ফেলছে এবং আগামী ১০ মাস এটা নিয়ে আমাদের বয়ে বেড়াতে হবে কিন্তু রাস্তা অবশ্যই বেরিকেট করেছে বিভিন্ন জায়গায়।

বিবিসি : অধ্যাপক জামান, হাওড় অঞ্চলে উন্নয়নের নামে অনেকেই যেটা বলছেন যে, অপরিকল্পিত অবকাঠামো নির্মাণ করে যে পানির প্রবাহে বাধা সৃষ্টি করা এটা তো আলোচনায় এসেছে এবং একইসাথে আমরা দেখছি যে, সরকার এখন বলছে বাংলাদেশে সরকার যে হাওড় অঞ্চলে উচু করে মাটি দিয়ে রাস্তা করা হবে না। এটাকে এলিভেটেড রাস্তা হবে। এটা কি কোন সমাধান দেবে এ ধরনের অবকাঠামো নির্মাণ করা হলে?

মি. জামান : দেখুন আপনার প্রশ্নটাতে এক ধরনের সমাধান রয়েছে। অপরিকল্পিত যে অবকাঠামো গঠন, সেইগুলো হচ্ছে অনেক ক্ষেত্রে এই জাতীয় জলাবদ্ধতা, বন্যা প্রলম্বিত করার জন্য দায়ী। রাস্তাঘাট তো অবশ্যই আমাদের প্রয়োজন এবং সেটা আপনিও বলেছেন আমিও রাস্তাঘাটের বিরুদ্ধে নই। তবে যেটা করতে হবে সেটা হচ্ছে, আমরা যে অঞ্চলেই আছি বাংলাদেশের হাওড় অঞ্চল নিয়ে এখন কথা হচ্ছে। হাওড় অঞ্চলে যে বৈশিষ্ঠ্য সেটা, কিন্তু মাথায় রেখে যদি আমরা প্ল্যানগুলো করি তাহলে সেই জলের যে প্রবাহ ধারা সেটাতে সেইভাবে বাঁধাগ্রস্ত হবে না। যেমন হাওড়ের মূল বৈশিষ্ট হচ্ছে বর্ষাকালে ৩৭৩টা হাওড় মূলত একাকার হয়ে গিয়ে একটা মিঠা পানির সাগরে পরিণত হয়। তাহলে যদি রাস্তাঘাট করতেই হয় তাহলে রাস্তাঘাট করতে হবে এভাবে যাতে ভূ-উপরস্থ জলের প্রবাহ ধারা সেটাতে যাতে বাধাগ্রস্ত না হয়। এর একটা সল্যুশন হচ্ছে উড়াল সেঁতু। সেটা আমি বেশ কতবছর যাবতই এমনকি আমাদের অঞ্চলে হাওড় অঞ্চলে অষ্টগ্রাম মিঠামইন ইটনা যে মহাসড়কটা, সেটা হওয়ার আগে থেকেই আমি অনেক পাবলিকেশনে বক্তৃতায় এবং সেমিনারে আমি বলেছিলাম এটা রেকর্ডে আছে যে সেই হাওড়ের যে প্রাকৃতিক বৈশিষ্ট সেটার সাথে বজায় রেখে রাস্তা করতে এখানে কমপক্ষে ৩০% খোলা জায়গা রাখতে হবে। অর্থাৎ উড়াল সেতু ও বড় বড় ব্রিজের মাধ্যমে। যাতে জলপ্রবাহ অবাধ হয় এবং সেই যে জলপ্রবাহ করার জন্য র‍্যানডমলি রাখলে হবে না। রাস্তার কোন জায়গায় আসলে পানিগুলো একত্রে হয় রাস্তার কোন পাশে সেটাও আমরা জানি।

বিবিসি : আপনি যেটা বলছেন, এটার একটা ইঞ্জিনিয়ারিং সল্যুশন আছে।

মি. জামান : ইঞ্জিনিংয়ারিং মানে প্রকৃতিটাকে বুঝে নিয়েছে যে সল্যুশন ইঞ্জিনিয়াররা যদি যত্রতত্র রাস্তাঘাট বানায় প্রাকৃতিক পরিবেশটাকে না বুঝে এবং তার যে জলপ্রবাহ ধারা সেটাকে আমলে না নিয়ে তাহলে সেটা সমাধান হবে না।

বিবিসি : গহর নাইম মহারা, অবকাঠামো যখন নির্মাণ করা হচ্ছে উন্নয়ন করতে হবে রাস্তাঘাটও লাগবে। ব্রিজ, কালভার্ট সবই লাগবে কিন্তু কিভাবে এগুলো করা যায় বন্যা প্রবণ এলাকা। অবকাঠামো নির্মাণের যে বিষয়গুলো নিয়ে বিশেষজ্ঞদের পরামর্শ কতটা গ্রহণ করা হয় বাংলাদেশে?

মি. মহারা : সত্যি কথা বলতে গেলে আমরা বিজ্ঞানীদের কথা শুনি না, বিশেষজ্ঞদের কথা শুনি না। আমরা যেটা মনে করি সেটা হচ্ছে, আমার একটা রাস্তার দরকার যেভাবে হোক এটা করতে হবে। জিদটাই এখানে কাজ করে এবং এলাকায় জনপ্রিয় হবার একটা ইচ্ছা সেটাকে আমরা আমলে দেই বেশি। কিন্তু বিজ্ঞানীদের কথা সেভাবে আমরা শুনি না। যেমন এখন অনেকে বলছেন যে এই অষ্টগ্রাম মিঠামইনের যে রাস্তা হয়েছে এটাতে এতদিন পানি আটকালো না এবার কেন আটকালো। এটা কিন্তু একটা ধীর গতিতে জিনিসটা তৈরী হয়েছে। অষ্টগ্রামে যদি যান দেখবেন যে অষ্টগ্রামের পর থেকে অনেক জায়গায় উচু হয়ে গেছে মানে বালি পড়ে বন্ধ হয়ে গেছে গত দুইতিন বছর যাবত কয়েক হাজার হেক্টর জমিতে চাষ করার কোন উপায় নেই। কারণ বালি পড়েছে এবং পড়তে পড়তে নিচে ভূমিতে একটা পরিবর্তন আসছে। কিন্তু এগুলোতে গবেষণা করতে হবে।

বিবিসি : কিন্তু সেখানকার কর্মকর্তারা বা সরকার সেটাকে নাকচ করে দিচ্ছে যে এই ধরনের রাস্তা কোন সমস্যা তৈরি করছে না?

মি. মহারা : খালি চোখেতো এটা দেখা যাবে না এটাতো ইচ্ছা করে বলতে হবে। অষ্টগ্রামের মানুষের কাছে জিজ্ঞেস করবেন যারা কৃষি কাজের সাথে জড়িত আছে তারা কি জমির ক্ষমতা হারাচ্ছে। এটা খুবই সত্যি কথা আমি তিনবার সেখানে গিয়েছি---শুকনার সময় বর্ষার সময় এবং মানুষ যখন কৃষি কাজ করছে সে সময়। আমি গিয়ে দেখেছি মানুষ কিভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে দিনের পর দিন! আমাদের ২৯ কিলোমিটার রাস্তা তৈরি করা হয়েছে সেখানে কিন্তু মাত্র ৮০টি জায়গা ফাঁকা রাখা হয়েছে পানিটাকে যাওয়ার জন্য এর থেকে বুঝা যাচ্ছে মানুষ কিভাবে করবেন। আমাদের

ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক এটার উপর তিনি কাজ করেছে। কাজ করে তিনি বলেছেন এই পানি যেতে দুই বছর তিন বছর সময় লাগবে যেটা এক বছরে যেতো। এটা একটা অঙ্কের হিসাব কিন্তু আসলে অঙ্কের হিসাবের সাথে বাস্তবের হিসাবের সাথে কতটুকু মিল সেটা আমাদের দেখতে হবে। আমাদের সমতল অঞ্চলের রাস্তার হিসাব নিয়ে যদি ওখানে রাস্তা বানায় তাহলে হবে না, কারণ ওখানের হিসাব সম্পূর্ণ আলাদা। আমরা ওয়ার্ল্ড হেরিটেজের উপরে কাজ করিছি; এটা খুবই অন্যায় কাজ হচ্ছে। এটা বিশ্বের প্রকৃতির উপরে একটা প্রভাব পড়বে এবং পড়ছে অলরেডি। সিলেটের মানুষ সব সময় এধরনের পরিস্থিতির শিকার হয়।

বিবিসি : মি. জামান বাংলাদেশের যে দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয় তারা বন্যা ব্যবস্থাপনা নিয়ে তাদের যে প্ল্যান করে সেখানে বলা হচ্ছে যে, বন্যা মোকাবেলার জন্য কয়েকটা বিষয় যে আশ্রয় কেন্দ্র নির্মাণ করতে হবে, বাঁধ নির্মাণ করতে হবে এবং রাস্তা উচু করতে হবে। এই এ্যাপ্রোচগুলো, এটাকে আপনি কিভাবে দেখেন?

মি. জামান : সেটিই আমরা এতোক্ষণ আলোচনা করলাম। আসলে এগুলোতো অবশ্যই নির্মাণ করতে হবে তবে রাস্তাঘাট যদি করতে হয়, তাহলে সেই এলাকায় ভূ-প্রকৃতির সাথে মিল রেখেই করতে হবে এটা হচ্ছে একটা।

বিবিসি : তারা বলছে রাস্তা করতে হবে এবং রাস্তা আছে কিন্তু রাস্তাগুলোকে উচু করতে হবে তাহলে এর সমাধান হবে?

মি. জামান : উচু করেতো আরো আপনি সমস্যা বাড়াচ্ছেন যদি সেই রাস্তাগুলোতে ওপেনিং না রাখেন। জল প্রবাহটা রাস্তার কোন অঞ্চলে এসে থামছে, সেই জায়গাটাকে নির্ধারণ করে নিয়ে যদি আপনি ওপেনিং না করেন। যেমন একটু আগে আমরা অষ্টাগ্রামের হাইওয়ের কথা বললাম যেটা আমি নিজেও পুরোটা দেখেছি। ৩০ কিলোমিটার লম্বা হাইওয়েতে আমি বলেছিলাম ৩০ শতাংশের মত ওপেনিং রাখতে কিন্তু ওরা রেখেছে দুই শতাংশের মত ওপেনিং। সেইখানে রাস্তাটা আরো যদি উচু করেন তাহলে জল প্রবাহটা যে বাধা পাচ্ছে সেটাতো নিরসন হচ্ছে না, সেটা বরং আরো ঘনিভূত হচ্ছে।

বিবিসি : কিন্তু আমরা তো দেখছি বিভিন্ন জায়গায় রাস্তা উচু করা হচ্ছে সরকার প্রকল্প নিয়ে। যদি পানি উঠে তাহলে রাস্তা আরো উচু করে দেও এটাই সমাধান?

মি. জামান : না, সেটা আপনি করতে পারেন কোথাও কোথাও কিন্তু রাস্তার মধ্যে ওপেনিংও রাখতে হবে। যেখানে নদীর পানি এসে জমা হচ্ছে সেখানে উড়াল সেতু বা বড় ব্রিজের নিজ দিয়ে পানিটা চলে যেতে পারে সেই ব্যবস্থাটা রাখতে হবে। রাস্তাতো উচু আপনি করতেই পারেন, কিন্তু অন্যান্য জায়গাতে এর জন্য পর্যাপ্ত ওপেনিং রাখতে হবে সেটা আমি বলছি। আর একটা হচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা আমাদের যে মডেলটা গত ৬০/৭০ বছরের সেটাতো আমরা দেখলাম, আমরা দেখছি যে সেটা অকার্যকর। তারপরে যদি একই জায়গায় আমরা ফেরত যাই যে, আলবার্ট আইনষ্টাইন একটা কথা বলেছিলেন আপনি যদি নতুন সমস্যা তৈরি হবে সেটা যদি পুরনো মাইনসেট নিয়ে যদি সমাধান করতে চান তাহলে সমস্যার সমাধান হবে না। আমরা একটা নতুন বাস্তবতার মুখোমুখি দাড়িয়েছি যে, আমাদের ৬০ বছরের যে অভিজ্ঞতা ইঞ্জিনিয়ারদের সেটা আমরা দেখলাম কতটা অকার্যকর। এখন নতুন বাস্তবতা হচ্ছে ক্লাইমেট চেঞ্জ তার ফলে আমাদের বৃষ্টিপাতের ধারা, সময়, পরিমাণ সেটা বাড়বে এবং পরিবর্তন হবে। সেজন্য আমাদের নতুনভাবে চিন্তা করতে হবে। আমরা যদি পুরনো চিন্তাতে ফেরত যাই তাহলে সমস্যাটার সমাধান হবে না।

বিবিসি : একটু আগে সুইচগেট নিয়ে কথা হচ্ছিলো। বাংলাদেশের বিভিন্ন জায়গায় বহু সুইচগেট নির্মাণ করা হয়েছে যার একটা নানাবিধ উপকারের কথা একসময় বলা হচ্ছিলো কিন্তু আবার অনেকে বলছেন যে এই সুইচগেট এখন আবার নতুন সমস্যা তৈরি করেছে। আপনি কি দেখছেন যে এই অবকাঠামো কতটা সমস্যা?

মি. মহারা : সুইচ গেটের একটা মজার ঘটনা আছে সেটা হচ্ছে এরশাদ সাহেব যখন মার্শাল ল, করলে তখন তিনি খরচ কমাতে চাইলেন সেজন্য দুইটা জিনিস প্রথমে নিয়ে আসলেন একটা হলো স্কুলগুলোতে কোন অভিভাবক থাকবে না এবং সুইচগেটে কোন লোক দরকার নাই। এটা ব্যায়বহুল হয়ে যাচ্ছে, মানুষ রাখা যাবে না। সুইচ গেট মানুষকে দিয়ে দিবো জনগন এটা দেখাশোনা করবে। জনগন জানতো না সুইচগেট কেন হয়েছে এখানে, জনগণ জানতো না সুইচ গেট কিভাবে চালাতে হবে। রাতারাতি তাদেরকে প্রত্যাহার করা হলো এবং বেশিরভাগ সুইচগেট নষ্ট হয়েছে মানুষ না থাকার জন্য, রক্ষণাবেক্ষণ না করার জন্য। তার একটা লম্বা প্রভাব পড়েছে আমাদের দক্ষিণ অঞ্চলে এবং উত্তর অঞ্চলে। সুইচগেটগুলোতো রক্ষণাবেক্ষণও একটা শৃঙ্খলার মধ্যে নিয়ে আসছিলো কিন্তু আমি যদি বলি মানুষকে দিয়ে দিলাম, মানুষ এটা দেখাশোনা করবে সেই মানুষকে বেতন দিতে হয় না দিলেতো এগুলো রক্ষণাবেক্ষণ হবে না। এটা একটা বড় জিনিস। আমাদের এই পরিকল্পনার ভিতরে মানুষকে সম্পৃক্ত রাখা খুবই জরুরী। যখন বাঁধ ভাঙ্গছে তখন মানুষ সারা দিন-রাত চেষ্টা করে বাঁধকে রক্ষা করতে চাইছে। এই মানুষকে যদি বাঁধটা নির্মাণে আমি সম্পৃক্ত না করি, সেগুলো ব্যবস্থাপনার সাথে যুক্ত না করি এবং কোথা দিয়ে পানি গেলে কি হবে কিন্তু আমরা মনে করি সাধারণ মানুষের কাছে শিখার কিছু নাই; আমি প্রকৌশলী, আমি পড়ালেখা করে আসছি।

(বিবিসি: ২২৩০ ঘ. ০২.০৭.২০২২ রুবাইয়া, সাইফুর ও আশরাফ)

ভয়েস অফ আমেরিকা

অনলাইনে টিকিট কাটতে ভোগান্তি হলে ব্যবস্থা নেয়া হবে: রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন

বাংলাদেশের রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন বলেছেন, ইদুল আজহা উপলক্ষ্যে অনলাইনে ট্রেনের অগ্রিম টিকিট কাটার বিষয়ে এখনও কোনো অভিযোগ পাইনি। তবে কেউ ভোগান্তির শিকার হলে সে বিষয়ে ব্যবস্থা নেয়া হবে।

রেলমন্ত্রী বলেন, ইদুল ফিতরের সময় অনলাইনে টিকিট কাটার ব্যাপারে বেশকিছু অভিযোগ ছিল। এবার এখন পর্যন্ত সে ধরনের অভিযোগ পাইনি। গণমাধ্যমে দেখলাম অনেকেই অনলাইনের মাধ্যমে টিকিট কাটতে পেরেছেন। এরপরও এবার অনলাইন টিকিটে ফাঁক-ফোকর বা কোনো ধরনের অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

শনিবার কমলাপুর রেলওয়ে স্টেশনে যাত্রীদের জন্য উন্নতমানের ট্রলি সরবরাহ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

নূরুল ইসলাম সুজন বলেন, কয়েকদিন পর ইদুল-আজহা, যাত্রীদের প্রধান চাহিদা এখন ট্রেন। এবার পোশাক কারখানার শ্রমিকদের জন্য বিশেষ ট্রেন থাকছে। জয়দেবপুর থেকে ওই ট্রেনের টিকিট নেয়া যাবে। রেলমন্ত্রী বলেন, আগে স্টেশনগুলোতে যাত্রীদের মালামাল আনা নেয়া করতেন কুলিরা। এখন সেটা নেই। স্টেশনে লাগেজ-ব্যাগ আনা-নেয়ায় অত্যন্ত উন্নতমানের ট্রলি উপহার দিয়েছে ইসলামি ব্যাংক।

তিনি বলনে, প্রধানমন্ত্রী রেল মন্ত্রণালয়কে ঢেলে সাজাতে চান। রেল মন্ত্রণালয়ে এবার ১৯ হাজার কোটি টাকার বাজেট বরাদ্দ দেয়া হয়েছে। রেললাইন কাজ সম্পন্ন করে আগামী বছরের মধ্যে কক্সবাজার যাবো এবং ঢাকা থেকে ভাঙ্গা যেতে পারবো। (ভোয়া: ২২০০ ঘ. ০২.০৭.২০২২ আলী আহমেদ ও নারগীস)

লিসবনের সঙ্গে সম্পর্ককে নতুন উচ্চতায় নিতে চায় ঢাকা

দ্বিপক্ষীয় সম্পর্ককে নতুন উচ্চতায় উন্নীত করার আশা প্রকাশ করে ঢাকায় একটি পর্তুগালের আবাসিক পর্তুগিজ মিশন প্রতিষ্ঠার কথা বিবেচনা করতে সে দেশের সরকারের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ। ঢাকায় সব ধরনের ভিসার আবেদন গ্রহণের জন্য ব্যবস্থা নেয়া এবং পর্যায়ক্রমিক কনস্যুলার সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সব ধরনের সহায়তার প্রস্তাবও দিয়েছে বাংলাদেশ।

পর্তুগাল ও কেনিয়ার যৌথ আয়োজনে ২য় জাতিসংঘ মহাসাগর সম্মেলন-২০২২ এর সাইডলাইনে শুক্রবার লিসবনে পর্তুগালের পররাষ্ট্রমন্ত্রী ড. জোয়াও গোমেস ক্রাভিনহোর সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন পররাষ্ট্রমন্ত্রী ড. কে আব্দুল মোমেন। এটি ছিল পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে দুই দেশের মধ্যকার প্রথম দ্বিপক্ষীয় বৈঠক।

বৈঠকে ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, সদ্য উদ্বোধন হওয়া পদ্মা সেতু নতুন বাংলাদেশের প্রতীক, যা সকল চ্যালেঞ্জ মোকাবিলা করে সফলতা অর্জনে সক্ষম। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মতে, বাংলাদেশ ১০ বছর ধরে লিসবনে একটি আবাসিক বাংলাদেশ দূতাবাস চালু রেখেছে এবং সম্প্রতি দূতাবাসের স্থায়ী অবস্থানের জন্য লিসবনে সম্পত্তি ক্রয় করেছে। পর্তুগালের পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশের সঙ্গে সম্পর্ক উন্নয়নে তার সরকারের ইচ্ছার কথা জানান এবং বাংলাদেশের পক্ষ থেকে দেয়া পরামর্শগুলো আমলে নিয়েছেন।

ড. জোয়াও গোমেস ক্রাভিনহো পর্তুগালে বসবাসরত বাংলাদেশি অভিবাসীদের দেশটির অর্থনীতিতে অবদানের প্রশংসা করেন। পাশাপাশি বাংলাদেশের পরামর্শ অনুযায়ী কাজ করার আশ্বাস দেন। উভয় দেশের পররাষ্ট্রমন্ত্রীগণ দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় স্তরে জলবায়ু পরিবর্তন সম্পর্কিত চ্যালেঞ্জ মোকাবিলায় একসঙ্গে কাজ করার বিষয়ে সম্মত হয়েছে।

পর্তুগালের পররাষ্ট্রমন্ত্রী বাণিজ্য, বিনিয়োগ, মানবসম্পদ, সমুদ্র অর্থনীতি, নবায়নযোগ্য জ্বালানি এবং জনগণের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে সহযোগিতার উপর জোর দেন। দুই মন্ত্রী আঞ্চলিক ও বৈশ্বিক উন্নয়ন নিয়ে মতবিনিময় করেন।

এ সময় ড. মোমেন বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের মিয়ানমারে দ্রুত প্রত্যাবাসনে আন্তর্জাতিক পর্যায়ে পর্তুগাল ও ইউরোপীয় ইউনিয়নের কার্যকর ভূমিকার অনুরোধ জানান।(ভোয়া: ২২০০ ঘ. ০২.০৭.২০২২ আলী আহমেদ/ নারগীস)

গণমাধ্যম পথপ্রদর্শক, মালিকপক্ষের স্বার্থরক্ষায় ব্যবহৃত হওয়া উচিত নয়: তথ্যমন্ত্রী হাছান মাহমুদ

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন, গণমাধ্যম দেশের অন্যতম পথপ্রদর্শক। গণমাধ্যম কোনোভাবেই মালিকপক্ষের স্বার্থরক্ষায় ব্যবহৃত হওয়া উচিত নয়। শনিবার (২ জুন) দুপুরে রাজধানীর বাংলা অ্যাকাডেমিতে ব্রডকাস্ট জার্নালিস্ট সেন্টার-বিজেসি'র তৃতীয় সম্প্রচার সম্মেলনে অনলাইনে দেয়া বক্তব্যে তথ্যমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ এ কথা বলেন। অনুষ্ঠানের উদ্বোধন করেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ জানান, বাংলাদেশের কোনো টিভি চ্যানেল একসঙ্গে একাধিক বিদেশি সিরিয়াল সম্প্রচার করতে পারবে না। দেশের ইতিহাস-ঐতিহ্য-সংস্কৃতি-কৃষ্টি রক্ষায় এ সিদ্ধান্ত নিয়েছে তথ্য মন্ত্রণালয়।

ডক্টর হাছান মাহমুদ বলেন, গণমাধ্যমকর্মী আইনের পরিবর্তন-পরিবর্ধনে সাংবাদিকদের সঙ্গে সরকার একমত এবং সাংবাদিকদের শীর্ষ সংগঠনের লিখিত প্রস্তাবনার অপেক্ষায় রয়েছে। এ নিয়ে বিতর্কের কোনো অবকাশ নেই। তথ্যমন্ত্রী গণমাধ্যমকে সমৃদ্ধতর করতে বিজেসির ভূমিকা জোরদারের আহবান জানান।

(ভোয়া: ২২০০ ঘ. ০২.০৭.২০২২ আলী আহমেদ ও নারগীস)

বন্যা মোকাবিলায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানালেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান

বাংলাদেশের চলমান বন্যা পরিস্থিতি মোকাবিলায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান। শনিবার (২ জুলাই) সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার রাণীগঞ্জ ইউনিয়নে বন্যা দুর্গতদের মধ্যে ত্রাণ বিতরণ শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন।

পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান বলেন, বন্যায় ক্ষতিগ্রস্ত জনগণের মধ্যে সরকারিভাবে ত্রাণসামগ্রী বিতরণ অব্যাহত আছে। সরকারের পাশাপাশি যারা বেসরকারিভাবে ত্রাণ বিতরণ করছেন, তাদেরকে ধন্যবাদ জানাই। এখন দুর্গত মানুষের সবচেয়ে বেশি প্রয়োজন বিশুদ্ধ পানি ও খাদ্যসামগ্রী। তাই বন্যা পরিস্থিতি মোকাবিলায় সবাইকে এগিয়ে আসতে হবে, দাঁড়াতে হবে অসহায় মানুষের পাশে। করতে হবে সাধ্যমতো সহায়তা।

পরিকল্পনামন্ত্রী বলেন, বন্যায় ক্ষতি হওয়া কাঁচা ঘরবাড়ি মেরামতের জন্য সরকারিভাবে টিনসহ মেরামত সামগ্রী দেয়া হবে। (ভোয়া: ২২০০ ঘ. ০২.০৭.২০২২ আলী আহমেদ ও নারগীস)

বাংলাদেশে প্রতিদিনই বাড়ছে করোনা সংক্রমণ, আরও ছয়জনের মৃত্যু

বাংলাদেশে প্রতিদিনই বাড়ছে করোনাভাইরাসের সংক্রমণ এবং করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যা। দেশটিতে গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্ত হয়ে মারা গেছে আরও ছয়জন। এছাড়া নতুন করে ১ হাজার ১০৫জনের দেহে এই ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে এ পর্যন্ত মৃতের সংখ্যা ২৯ হাজার ১৬০জন এবং শনাক্তের সংখ্যা ১৯ লাখ ৭৬ হাজার ৭৮৭জনে পৌঁছেছে বাংলাদেশে।

শনিবার (২ জুলাই) স্বাস্থ্য অধিদফতর করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ৮ হাজার ৩৫৭জনের নমুনা সংগ্রহ করা হয়েছে। গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ১৩ দশমিক ২২ শতাংশ। মোট পরীক্ষায় এ পর্যন্ত শনাক্তের হার ১৩ দশমিক ৭৬ শতাংশ। শনাক্ত বিবেচনায় মোট মৃত্যুহার ১ দশমিক ৪৮ শতাংশ। এদিকে, ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন আরও ২৩৩জন। এ নিয়ে বাংলাদেশে মোট সুস্থ ব্যক্তির সংখ্যা দাঁড়িয়েছে ১৯ লাখ ৭ হাজার ৯৯০জনে। শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৯৬ দশমিক ৫২ শতাংশ।
(ভোয়া: ২২০০ ঘ. ০২.০৭.২০২২ আলী আহমেদ ও নারগীস)

বাংলাদেশে বাড়ছে ডেঙ্গু রোগীর সংখ্যা, নতুন আক্রান্ত ৪৯জন

বাংলাদেশে এডিশ মশাবাহিত ডেঙ্গু রোগী বাড়ছে প্রতিদিন। দেশটির বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত ১৫১ রোগী চিকিৎসাধীন রয়েছেন এবং নতুন আক্রান্ত আরও ৪৯ রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। শনিবার (২ জুলাই) বাংলাদেশের স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম জানিয়েছে, সকাল ৮টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় নতুন ডেঙ্গু রোগীর মধ্যে ৪৭জন ঢাকা বিভাগের এবং বাকি ২জন ঢাকার বাইরের।

ঢাকার ৪৭টি সরকারি ও বেসরকারি হাসপাতালে ১৪৫জন ভর্তি আছেন। ঢাকার বাইরে ভর্তি আছেন ৬জন ডেঙ্গু রোগী। সরকারের প্রতিবেদন অনুযায়ী, এই বছরের শুরু থেকে এখন পর্যন্ত ১ হাজার ১৬০জন ডেঙ্গু আক্রান্ত হয়েছেন। অন্যদিকে, চিকিৎসা শেষে ১ হাজার ৮জন হাসপাতাল থেকে ছাড়পত্র নিয়ে বাড়ি ফিরে গেছেন। তাছাড়া এই বছরে এখন পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে। (ভোয়া: ২২০০ ঘ. ০২.০৭.২০২২ আলী আহমেদ ও নারগীস)

ভারত থেকে বাংলাদেশে প্রবশের সময় বিএসএফের ধাওয়ায় নদীতে পড়ে দুই শিশু নিখোঁজ

বাংলাদেশের কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী সীমান্তে ভারত থেকে বাংলাদেশে প্রবশের সময় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফের) ধাওয়ায় নদীতে পড়ে দুই শিশু নিখোঁজ হয়েছে। শুক্রবার (১ জুলাই) গভীর রাতে ফুলবাড়ী সীমান্তে নদী পারাপারের সময় এ ঘটনা ঘটে। নিখোঁজ পারভীন খাতুন (৮) ও শাকিবুল হাছান (৪) পাশ্ববর্তী নাগেশ্বরী উপজেলার নেওয়াশী ইউনিয়নের পশ্চিম শুকাতি গ্রামের রহিম উদ্দিনের সন্তান।

জানা গেছে, ভারত থেকে বাংলাদেশে ফেরার সময় দালালরা তাদের ভুল পথে নিয়ে যায়। এ সময় বিএসএফের ধাওয়ায় মায়ের হাত থেকে রাতের অন্ধকারে নদীতে ভেসে যায় এই দুই শিশু। সাঁতার জানায় মা সামিনা খাতুন বেঁচে গেলেও ১৮ ঘন্টা পরও খুঁজে পাওয়া যায়নি দুই শিশুকে। সীমান্তবর্তী নীলকুমর নদীর তীরবর্তী এলাকাগুলোতে শিশুদের সন্ধান পাওয়ার আশায় হন্যে হয়ে ঘুরছেন স্বজনরা।

নিখোঁজ শিশুর দাদা জিয়া উদ্দিন জানান, প্রায় ১৬ বছরে আগে অভাবের তাড়নায় আমার ভাগ্নে রহিম উদ্দিন অন্যদের সঙ্গে ইটভাটায় কাজ করার জন্য দিল্লিতে যান। সেখানে কাজ করার পর ২০05 সালে ভারতের দিনহাটার নয়ারহাট এলাকার সাজেদুল হকের মেয়ের সঙ্গে তার বিয়ে হয়। সেখানে তারা বসবাস করেন। সময় পেলে মাঝে মধ্যে দেশে আসতেন রহিম উদ্দিন। এর মধ্যে একটি মেয়ে ও একটি ছেলে জন্ম নেয় তাদের ঘরে। টাকাও পাঠাতেন তার বৃদ্ধ মা রহিমার কাছে।

জিয়া উদ্দিন বলেন, নিখোঁজ দুই শিশু ভারতের ভূ-খণ্ডে জন্ম নিলেও দাদার বাড়িতে আসেনি কোনোদিন। ইদুল-আজহা পালন করার জন্য প্রথমবারের মতো ছেলে মেয়েদেরকে বাড়িতে নিয়ে আসার চেষ্টা করছিল রহিম উদ্দিন। এর মধ্যেই দুর্ঘটনা ঘটে গেলো কাঁটাতার পার হওয়ার সময়।

নিখোঁজ শিশুদের বাবা রহিম উদ্দিন জানান, নিরাপদে দেশে ফেরার জন্য ভারতের দালালদের সঙ্গে ৩০ হাজার টাকা চুক্তি করা হয়েছে। তারা আমাদেরকে সীমান্তের একটি বাড়িতে নিয়ে এসে রাখেন রাতে। সেখানে আরও ২০-২৫জন নারী পুরুষ ও শিশু ছিল।

রহিম উদ্দিন জানান, মধ্যরাতে ৯৪৩ নং মেইন পিলারের পাশে ফুলবাড়ী উপজেলার কাশিপুর ইউনিয়নের ধর্মপুর সীমান্ত দিয়ে পার করার চেষ্টা করেন। তারা কাঁটাতার পার করে নদী পথে নিয়ে আসেন। সেজন্য নদীর তীরে আমাদেরকে রাখেন। এ সময় ভারতের শেউটি-১ ক্যাম্পের বিএসএফের সদস্যরা লাইট জ্বালিয়ে দেখার পর আমাদেরকে ধাওয়া করে। এ সময় দালালরা তড়িঘড়ি করে নদী পার হওয়ার জন্য বলে। আমি জিনিসপত্র নিয়ে নদীর মাঝ পথে যাই। এ সময় আমার স্ত্রী ও দুই সন্তানকে নিয়ে নদীতে নামেন। কিন্তু তারা কেউই সাঁতার জানে না। স্রোতের টানে রাতের অন্ধাকারে স্ত্রীর হাত থেকে আমার সন্তানরা নিখোঁজ হয়। পানিতে ডুব দিয়ে অনেক চেষ্টা করেছি, খোঁজাখুঁজি করেছি। তাদের সন্ধান পাইনি। কষ্ট করে আমার স্ত্রীকে পার করে বাংলাদেশে প্রবেশ করেছি। তারা বেঁচে আছে, না মারা গেছে, তা জানি না।

ফুলবাড়ী সদর ইউনিয়নের সাবেক ইউপি সদস্য আদম আলী বকুল জানান, নীলকুমর নদীর তীরে অনেক লোকজন নিখোঁজ শিশুর মরদেহ খোঁজার জন্য এসেছে। পানিতে ডুব দিয়েও খুঁজছে অনেকে।

এ বিষয় লালমনিহাটের কাশিপুর ক্যাম্পের বর্ডার গার্ড বাংলাদেশ-বিজিবির কোম্পানি কমান্ডার কবির হোসেন জানান, ভারত থেকে বাংলাদেশে আসার পথে দুটি শিশু নিখোঁজ হয়েছে বলে আমরা শুনেছি। আমাদের টহল সেখানে পাঠানো হয়েছে। এ ছাড়া, ছাড়াও এ বিষয়ে বিএসএফকেও অবগত করা হয়েছে।

(ভোয়া: ২২০০ ঘ. ০২.০৭.২০২২ আলী আহমেদ ও নারগীস)

পর্যাপ্ত মজুদ সত্ত্বেও ইদের আগে ঢাকার মশলা বাজারে উত্তাপ

ইদুল-আজহা উপলক্ষ্যে বাংলাদেশে মশলার চাহিদা বাড়ে। পর্যাপ্ত মজুত থাকা সত্ত্বেও ইদুল-আজহাকে সামনে রেখে সব ধরনের মশলার দাম বেড়েছে বাংলাদেশের রাজধানী ঢাকার বাজারে। পাইকারি ও খুচরা উভয় পর্যায়ে দাম বেড়েছে রসুন, এলাচ, দারুচিনি, লবঙ্গ, জিরা, হলুদ এবং ধনিয়ার দাম বেড়েছে।

কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশের (ক্যাব) সহ-সভাপতি এসএম নাজের হোসেন বলেন, ইদের চাহিদা মেটাতে মশলার পর্যাপ্ত মজুত থাকলেও বাড়তি মুনাফার জন্য ব্যবসায়ীরা মশলার দাম বাড়াচ্ছেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ নজরদারির অভাবে উৎসবের আগে চাহিদা বেড়ে যাওয়ায় কিছু অসাধু ব্যবসায়ী পণ্যের দাম বাড়িয়ে দিচ্ছে।

কয়েকজন ব্যবসায়ী জানান, প্রায় সব নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়ে যাওয়ায় মশলার দামও বেড়েছে। এছাড়া, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং ডলারের বিপরীতে টাকার অবমূল্যায়ন দাম বাড়ার জন্য দায়ী।

পাইকারি মশলা ব্যবসায়ী সমিতির সভাপতি মো. এনায়েত উল্লাহ বলেন, মশলার দাম শুধু বৈদেশিক মুদ্রার বিনিময় হারের সঙ্গে সমন্বয় করা হচ্ছে।

শনিবার (২ জুলাই) রাজধানী ঢাকার বাজারে রান্নার জন্য অত্যাবশ্যকীয় পণ্য পিঁয়াজ বিক্রি হয়েছে ৬০ থেকে ৬৫ টাকা কেজি দরে, যা এক সপ্তাহ আগেও ৩৫ থেকে ৪০ টাকা কেজিতে বিক্রি হয়েছিল। একইভাবে রসুন বিক্রি হচ্ছে প্রতি কেজি ১০০ থেকে ১২০ টাকায়, যা এক সপ্তাহ আগে ১০০ টাকা এবং আদা বিক্রি হচ্ছে ১০০ থেকে ১৬০ টাকা কেজিতে, যা এক সপ্তাহ আগে ছিল ৮০ থেকে ১২০ টাকা। এছাড়া, দেশি হলুদ ২৩০ থেকে ২৬০ টাকা কেজি, জিরা ৪৫০ টাকা কেজি, মরিচ (শুকনা) প্রতি কেজি ৩৮০ থেকে ৪০০ টাকায় বিক্রি হচ্ছে।

(ভোয়া: ২২০০ ঘ. ০২.০৭.২০২২ আলী আহমেদ ও নারগীস)

রেডিও তেহরান

ফেনীতে বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণে আওয়ামী লীগের বাধার অভিযোগ বিএনপির

বাংলাদেশের ফেনী জেলার ফুলগাজী উপজেলায় বন্যার্তদের মাঝে দলীয় উদ্যোগে ত্রাণ বিতরণ কর্মসূচিতে বাধা দেয়ার অভিযোগ করেছে বিএনপি। এদিকে দৌলতপুরসহ ফুলগাজীর প্রতিটি গ্রামে বিএনপি নেতাদের বাড়িতে শুক্রবার রাতে যুবলীগ-ছাত্রলীগ কর্মীরা অভিযান চালায় বলে অভিযোগ উঠেছে। এ সম্পর্কে বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি:

ফেনীতে ফুলগাজী উপজেলার দৌলতপুর গ্রামে বন্যার্তদের মাঝে দলীয় উদ্যোগে ত্রাণ বিতরণ কর্মসূচিতে বাধা দেয়ার অভিযোগ করেছে বিএনপি। এদিকে দৌলতপুরসহ ফুলগাজীর প্রতিটি গ্রামে বিএনপি নেতাদের বাড়িতে শুক্রবার রাতে যুবলীগ-ছাত্রলীগ কর্মীরা অভিযান চালায় বলেও অভিযোগ উঠেছে।

বিএনপি নেতাদের অভিযোগ, শনিবার সকাল থেকে ফুলগাজী যাওয়ার পথে কয়েক স্থানে যুবলীগ ও ছাত্রলীগ ব্যারিকেড বসানোর কারণে দৌলতপুর পৌঁছতে পারেনি বিএনপি নেতা-কর্মীরা। পরে ফেনীতে সংবাদ সম্মেলন করে স্থানীয় নেতাদের হাতে ত্রাণসামগ্রী তুলে দিয়ে নেতারা ঢাকায় ফিরে যান। এর আগে আজ সকাল ১০টার দিকে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপি নেতারা দলের আহবায়ক আবদুস সালামের নেতৃত্বে ফেনী পৌঁছান। ঢাকা মহানগর দক্ষিণ বিএনপি সদস্য সচিব রফিকুল ইসলাম মজনু জানান, ফেনীর মহিপাল ফ্লাইওভারের কাছে তাদের বহর থামিয়ে দেয় পুলিশ। ত্রাণ বিতরণে বাধার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার এক বিবৃতিতে তিনি অবিলম্বে আওয়ামী লীগের ছাত্রলীগ ও যুবলীগ নামধারী সন্ত্রাসীদের গ্রেফতার করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন। জেলা বিএনপির আহ্বায়ক শেখ ফরিদ বাহার অভিযোগ করেছেন, ঘটনাস্থলের পাশেই ফুলগাজী থানা। পুলিশ সময়মতো হস্তক্ষেপ করলে এমন ঘটনা ঘটা সম্ভব ছিল না।

এ ব্যাপারে ফুলগাজী উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল আলিম পাল্টা অভিযোগ করে বলেন, সংঘর্ষের আগে ফুলগাজী সদর উপজেলা যুবলীগ সভাপতি মিজান কোম্পানির উপর হামলা করে বিএনপি কর্মীরা। এতে উত্তেজনা সৃষ্টি হলে উভয়পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। যুবলীগ উদ্দেশ্যমূলকভাবে কারও সভা পণ্ড করতে হামলা করেনি বলে তিনি দাবি করেন। (রেডিও তেহরান: ২০৩৫ ঘ. ০২.০৭.২০২২ সোনিয়া ও নারগীস)

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ দাবি করল হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ

সাম্প্রদায়িক নির্যাতন, সংখ্যালঘু শিক্ষকদের উপর সাম্প্রতিক হামলা এবং পূজামণ্ডপে হামলা প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন সম্প্রতি যে বক্তব্য রেখেছেন তা মিথ্যাচার বলে দাবি করে প্রতিবাদ সমাবেশ করেছে হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি:

বাংলাদেশে সাম্প্রদায়িক নির্যাতন, সংখ্যালঘু শিক্ষকদের উপর সাম্প্রতিক হামলা এবং পূজামণ্ডপে হামলা প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেনের মিথ্যাচারের প্রতিবাদে বিক্ষোভ-সমাবেশ করেছে বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ। আজ শনিবার জাতীয় প্রেসক্লাবের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা বলেন, বাংলাদেশের সংখ্যালঘু বিশেষ করে হিন্দুদের উপর চলমান সহিংসতা ও নির্যাতন অস্বীকার করে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন ভারতের রাজধানী নয়াদিল্লিতে যে বিবৃতি দিয়েছেন তাতে সংখ্যালঘু সম্প্রদায় হতাশ হয়েছে। নেতৃবৃন্দ দাবি করেন, পররাষ্ট্রমন্ত্রীকে এমন মিথ্যাচারের দায় স্বীকার করে অনতিবিলম্বে তাকে পদত্যাগ করতে হবে। অন্যথায় আগামী সংসদ নির্বাচনে যেকোনো দল থেকে তাকে প্রার্থী করা হলে সংখ্যালঘু ভোটাররা তাকে বর্জন করবে বলে হুঁশিয়ার করেন নেতারা।

সম্প্রতি ভারত সফরে গিয়ে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, সরকারি পৃষ্ঠপোষকতায় ৩৩ হাজার পূজামণ্ডপ তৈরি করা হয়েছে। আজকের প্রতিবাদ সমাবেশে সংখ্যালঘু নেতারা বলেন, গত দুর্গাপূজার সময় কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালীসহ দেশব্যাপী ২৬টি জেলায় পূজামণ্ডপ ও সাম্প্রদায়িক সহিংসতা ও তাণ্ডবের সময়ও পররাষ্ট্রমন্ত্রী একই রকম মিথ্যাচার করেছিলেন।

পররাষ্ট্রমন্ত্রীর এহেন ভূমিকায় দ্বিগুণভাবে উৎসাহিত হয়ে সাম্প্রদায়িক দুর্বৃত্তরা শিক্ষক সম্প্রদায়সহ সাধারণ সংখ্যালঘু জনগোষ্ঠীর উপর নির্যাতন-নিপীড়ন অব্যাহত রেখেছে বলে অভিযোগ করেন হিন্দু নেতারা। এ জাতীয় সকল প্রকার সাম্প্রদায়িক নির্যাতন-নিপীড়নের আশু অবসান এবং সাম্প্রদায়িক দুর্বৃত্তদের আইনের আওতায় এনে শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণের দাবি জানান নেতারা।

সমাবেশে বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি ঊষাতন তালুকদার বলেন, এ দেশে এখন সংখ্যালঘু শিক্ষকদের গলায় জুতার মালা পরানো হয়, তাও আবার প্রশাসনের উপস্থিতিতে। সরকার ভাবছে তাদের সংখ্যালঘু সম্প্রদায়ের ভোটের প্রয়োজন নেই। কিন্তু সোনার বাংলা গড়তে হলে দেশের সব মানুষের অধিকার, আইনের শাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করা প্রয়োজন। সংখ্যালঘু সম্প্রদায়কে বাঁচাতে হলে সরকারকে বাধ্য করতে হবে যে তারা এসব ঘটনার বিচার করে। সমাবেশ থেকে আগামী ১৬ জুলাই বিকেল ৩টায় সারাদেশে নির্বাচনী ইশতেহারে সরকারি দল কর্তৃক সংখ্যালঘু স্বার্থবান্ধব প্রতিশ্রুতি বাস্তবায়নসহ একই দাবিতে সমাবেশ ও বিক্ষোভ মিছিলের কর্মসূচি ঘোষণা করা হয়। (রেডিও তেহরান: ২০৩৫ ঘ. ০২.০৭.২০২২ সোনিয়া ও নারগীস)

ভারতের মনিপুরে উদ্ধার অভিযানের মধ্যে আরেকটি ভূমিধস, এ পর্যন্ত ৮১জনের মৃত্যু

ভারতের মনিপুরে প্রকৃতির তাণ্ডব অব্যাহত রয়েছে। শনিবার নোনে জেলায় আরেকটি ভূমিধসের ঘটনা ঘটেছে। গত ২৯ জুন একই এলাকার কাছে অর্থাৎ নোনে জেলার টুপুল রেলওয়ে স্টেশনের কাছে একটি বিশাল ভূমিধস হয়েছিল, যাতে এ পর্যন্ত ৮১জনের মৃত্যু হয়েছে। যারা প্রাণ হারিয়েছেন তাদের মধ্যে টেরিটোরিয়াল আর্মির ১৮জন সেনা রয়েছেন।

ভয়াবহ ওই ভূমিধসের পর আজ শনিবারও বেশ কয়েকটি টিম সংশ্লিষ্ট এলাকায় ত্রাণ ও উদ্ধারকাজে নিয়োজিত রয়েছে। এর আগে গতকাল (শুক্রবার) মনিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং নোনে জেলার ভূমিধসের ঘটনাকে রাজ্যের ইতিহাসে সবচেয়ে ভয়াবহ ঘটনা বলে মন্তব্য করেন। উদ্ধারকাজে নিয়োজিত কর্মীদের উৎসাহ দিতে মুখ্যমন্ত্রী এন বীরেন সিং

পুনরায় ঘটনাস্থল পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী বলেন, এটি রাজ্যের ইতিহাসে সবচেয়ে ভয়াবহ ঘটনা। আমরা ৮১জনকে হারিয়েছি। একজন টেরিটোরিয়াল আর্মি জওয়ানসহ ১৮জনকে উদ্ধার করা হয়েছে। এখনও কমপক্ষে ৫৫জন আটকে রয়েছে। মাটির কারণে সমস্ত লাশ উদ্ধার করতে ২/৩ দিন সময় লাগবে।

মুখ্যমন্ত্রী নিহতদের স্বজনদের প্রত্যেককে ৫ লাখ টাকা এবং আহতদের প্রত্যেককে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ঘোষণা করেছেন। (রেডিও তেহরান: ২০৩৫ ঘ. ০২.০৭.২০২২ সোনিয়া ও নারগীস)

এনএইচকে

জাপানের উপর চাপ সৃষ্টির জন্য রাশিয়া জ্বালানি প্রকল্পকে ব্যবহার করছে বলে কর্মকর্তাদের ধারণা

জাপানের সরকারি কর্মকর্তারা ধারণা করছেন যে, ইউক্রেন সংঘাত সম্পর্কে জাপানের অবস্থান নিয়ে দেশটির উপর চাপ সৃষ্টি করতে রাশিয়া তাদের দূরপ্রাচ্যে অবস্থিত একটি বৃহৎ তেল ও গ্যাস প্রকল্পকে ব্যবহার করছে।

প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বৃহস্পতিবার সাখালিন-২ প্রকল্পের পরিচালনাকারী প্রতিষ্ঠানস্থলে সরকারের প্রতিষ্ঠা করতে যাওয়া নতুন একটি রুশ কোম্পানিকে নিযুক্ত করার জন্য একটি ডিক্রিতে স্বাক্ষর করেছেন। এই পদক্ষেপের ফলে এর সাথে দুটি জাপানি ব্যবসায়িক প্রতিষ্ঠানের সম্পৃক্ততার বিষয়টি নিয়ে সংশয়ের সৃষ্টি হয়েছে।

উল্লেখ্য, জাপানের তরলীকৃত প্রাকৃতিক গ্যাস আমদানির প্রায় ১০ শতাংশ সাখালিন-২ প্রকল্প থেকে আসে। জাপান সরকারের ভাষ্যানুযায়ী, দেশে স্থিতিশীল জ্বালানি সরবরাহ নিশ্চিত করার জন্য অপরিহার্য হওয়ায় এই প্রকল্পটি থেকে নিজেদের প্রত্যাহার করে নেয়ার কোনো ইচ্ছা তাদের নেই। জাপানের শিল্পমন্ত্রী হাগিউদা কোইচি শুক্রবার সাংবাদিকদের বলেন, পুতিনের ডিক্রিটি এমন কোনো নির্দেশনা নয়, যা জোরপূর্বক প্রকল্পটিতে জাপানি কোম্পানিগুলোর অংশীদারিত্বকে অধিগ্রহণ করবে। তবে তিনি বলেন যে, আদেশটি কীভাবে তাদের অংশীদারিত্ব এবং জাপানের আমদানিকে প্রভাবিত করবে, তা তিনি সতর্কতার সাথে পর্যবেক্ষণ করবেন।

উল্লেখ্য, ইউক্রেনে আগ্রাসনের কারণে রাশিয়ার উপর জাপান অর্থনৈতিক নিষেধাজ্ঞা কঠোর করে নেয়ার মাঝে রুশ প্রেসিডেন্ট এই পদক্ষেপ নিলেন। (এনএইচকে ওয়েব পেজ: ১৭০০ ঘ. ০২.০৭.২০২২ সোনিয়া ও নারগীস)

ডয়চে ভেলে

বাংলাদেশে করোনার চতুর্থ ঢেউ কি আরো বিস্তৃত হবে ?

বাংলাদেশে এখন চলছে কারোনার চতুর্থ ঢেউ। আর সামনেই মুসলামনদের বড় ধর্মীয় উৎসব ইদুল-আজহা। স্বাস্থ্য বিশ্লেষকরা আশঙ্কা করছেন, স্বাস্থ্যবিধি না মানলে আসছে উৎসবে করোনা আরো বিস্তৃত হবে।

তাদের মতে, সবচেয়ে সংকট তৈরি করছে বুস্টার ডোজ নেয়ায় মানুষের অনাগ্রহের বিষয়টি। আর করোনার নতুন উপধরন উদ্বেগ ছড়াচ্ছে। কারণ এখন এই উপধরনের দাপট চলছে বলে জানান তারা।

সরকারের হিসেব অনুযায়ী, গত ২০ জুন শনাক্তের হার শতকরা ১০ ভাগ ছাড়িয়ে গেছে। ওই দিন সারাদেশে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ছিল ৮৭৩জন। মারা গেছেন একজন। আক্রান্তের হার ছিল শতকরা ১০ দশমিক ৮৭ শতাংশ। আক্রান্তের এই হারকে করোনার উচ্চমাত্রা বলা হয়। এরপর ১২ দিনের মাথায় গত ২ জুলাই মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১ হাজার ১০৫জন। মারা গেছেন ৬জন। আক্রান্তের হার ১৩ দশমিক ২২ শতাংশ। তার একদিন আগে ১ জুলাই আক্রান্ত হয়েছেন ১ হাজার ৮৯৭জন। মারা গেছেন ৫জন। আক্রান্তের হার ১৫ দশমিক ৩১ শতাংশ। গত ১২ দিনে দেশে আক্রান্ত হয়েছেন মোট ১৯ হাজার ৫৮৭জন। আর মারা গেছেন ২৮জন।

এ পর্যন্ত সারাদেশে করোনায় আক্রান্ত হয়েছেন ১৯ লাখ ৭৬ হাজার ৭৮৭জন। মারা গেছেন ১৯ হাজার ১৬০জন। আক্রান্ত ও মারা যাওয়ার এই হিসাব স্বাস্থ্য অধিদফতরের টেস্টের ভিত্তিতে করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ডা. কামরুল ইসলাম বলেন, করোনা আবার বিশ্বের ১১০টি দেশে ছড়িয়ে পড়েছে। বাংলাদেশে প্রথমে ঢাকা শহরে চতুর্থ ঢেউ শুরু হলেও এখন দেশের সব বিভাগ ও জেলায় ছড়িয়ে পড়েছে। এখন আমাদের স্বাস্থ্যবিধি মানতে হবে। তা না হলে সামনে কোরবানির সময়ে এটা আরো বেশি আকারে ছড়িয়ে পড়তে পারে। সরকার মাস্ক আবার বাধ্যতামূলক করার কথা বলেছে। কিন্তু এটা মনিটরিং করা হচ্ছে না। গোরুর হাট বসে গেছে কিন্তু সেখানে কেউ স্বাস্থ্যবিধি মানছেন না। আর ইদযাত্রায় যদি স্বাস্থ্যবিধির প্রতি এই উদাসীনতা থাকে তাহলে পরিস্থিতি আরো খারাপ হতে বাধ্য।

তিনি বলেন, উদ্বেগের বিষয় হলো মৃত্যুহার বাড়ছে। যারা বয়স্ক, যাদের রোগপ্রতিরোধ ক্ষমতা কম, তাদের জন্য বিপদ বেশি। এবার দেখছি কেউ টেস্ট করাতে চাচ্ছেন না। করোনার সব উপসর্গ থাকার পরও টেস্ট করাচ্ছেন না। এর ফলে করোনা তাদের মাধ্যমে আরো দ্রুত ছড়াচ্ছে।

সবাইকে টিকা ও বুস্টার ডোজ নেয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, টিকা ও বুস্টার ডোজ যারা নিয়েছেন তারাও আক্রান্ত হচ্ছেন। এর কারণ হলো টিকার কার্যকারিতা থাকে ছয় মাস থেকে এক বছর পর্যন্ত। বিশ্বের বিভিন্ন দেশ চতুর্থ ডোজ শুরু করেছে। আরো কিছুটা দেখে আমাদের চতুর্থ ডোজের ব্যাপারে চিন্তা করা উচিত।

বাংলাদেশে গত বছরের ৮ ফেব্রুয়ারি থেকে করোনার টিকা দেয়া শুরু হয়। সর্বশেষ তথ্য অনুযায়ী, এ পর্যন্ত দেশে ১২ কোটি ৯০ লাখের বেশি মানুষ টিকার প্রথম ডোজ পেয়েছেন। দুই ডোজ পেয়েছেন ১১ কোটি ৮০ লাখের কিছু বেশি মানুষ। আর বুস্টার ডোজ নিয়েছেন ২ কোটি ৯৩ লাখ ১৫ হাজার মানুষ, যা মোট জনগোষ্ঠীর ২৪ দশমিক ২৪ শতাংশ। ১২ থেকে ১৭ বছর বয়সী ১ কোটি ৭৩ লাখ শিশু-কিশোর প্রথম ডোজ পেয়েছে। দুই ডোজ পেয়েছে ১ কোটি ৪১ লাখ। সরকার চলতি জুলাই মাস থেকে ৫ থেকে ১২ বছর বয়সী শিশুদের টিকা দেয়া শুরু করবে। রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) উপদেষ্টা ডা. মোশতাক হোসেন জানান, আমরা আগেই দেখেছি টিকাকে চ্যালেঞ্জ করে করোনা মানুষকে সংক্রমিত করছে। এখন যারা আক্রান্ত হচ্ছেন ও মারা যাচ্ছেন তারা বিএ ফাইভ উপধরনে আক্রান্ত হচ্ছেন। এর ক্ষতি করার ক্ষমতা বেশি। আক্রান্তরা গত তিন সপ্তাহ আগে আক্রান্ত হয়েছেন। এখন তা প্রকাশ পাচ্ছে। আজ (শনিবার) সংক্রমণ কিছুটা কমলেও আমার ধারণা মৃত্যুহার আরো বেড়ে যাবে। তিনি বলেন, তিনমাস আগে করোনায় মৃত্যু যখন শূন্যের কোঠায় নেমে আসে, তখন আমরা উদাসীন হয়ে পড়ি। টিকার প্রতি আগ্রহ সরকার, সাধারণ মানুষ সবারই কমে যায়। এটা ঠিক হয়নি। আমরা স্বাভাবিক জীবনে ফিরব, তবে সতর্ক থাকব। কিন্তু সেটা হয়নি। দায়িত্বশীল ব্যক্তিরাও মাস্ক ছাড়া প্রকাশ্যে চলাফেরা শুরু করেন, যা এখন নতুন করে বিপদ ডেকে আনছে।

তার কথা, সামনে কোরবানি। গোরুর হাট বসে গেছে। এখানে স্বাস্থ্যবিধি মানতে হবে। পদ্মা সেতু হওয়ার কারণে ফেরির গাদাগাদি হয়তো কমবে। তারপরও ইদযাত্রায় স্বাস্থ্যবিধি মানতে হবে। টিকা কার্যক্রম আবার জোরদার করতে হবে। আমাদের পর্যাপ্ত টিকা আছে।

স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, এখন টেস্ট অনেক কম হচ্ছে। টেস্ট অনেক বাড়িয়ে দেয়া উচিত এবং বিনামূল্যে করা উচিত। তাহলে বাস্তব চিত্র যেমন বোঝা যাবে, তেমনি পজিটিভ লোককে নিয়ন্ত্রণে আনা যাবে। তবে সেজন্য সরকারকে গরিব মানুষের প্রতি আর্থিক সহায়তার হাত বাড়িয়ে দিতে হবে, তা না হলে তারা টেস্ট করাবেন না। তারা দিন আনেন দিন খান। তাদের আক্রান্ত হয়ে ঘরে থাকতে হলে আয় বন্ধ হয়ে যাবে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮০০ ঘ. ০২.০৭.২০২২ সোনিয়া ও নারগীস)

রেডিও এবিসি

শুক্রবার পদ্মা সেতুতে টোল আদায় হয়েছে সর্বাধিক ৩ কোটি ১৬ লক্ষ টাকা

পদ্মা সেতুতে শুক্রবার সর্বাধিক ৩ কোটি ১৬ লক্ষ টাকা টোল আদায় করা হয়েছে। চালুর পর এটাই টোল আদায়ের রেকর্ড। এদিকে সেতু দিয়ে যানবাহন পারাপার হয়েছে ২৬ হাজার ৩৯৮টি।

(রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

ঢাকা-ভাঙ্গা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর মহাসড়কের পরিস্থিতি শনিবার অনেকটাই স্বাভাবিক ছিল

ঢাকা ও ফরিদপুরের ভাঙ্গার মধ্যে ৫৫ কিলোমিটার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়কে টোল আদায়ের শুরুর দ্বিতীয় দিনে গাড়ির চাপ অনেকটাই কম রয়েছে। এছাড়া শনিবার সকাল থেকে যাওয়া ও আসার ক্ষেত্রে টোল আদায় গতি বাড়ায় পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক হয়ে এসেছে।

(রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

ইদের টিকিট বিক্রিতে ভিড় সামলাতে বেশ তৎপর রয়েছে রেলওয়ে পুলিশ

ইদ উপলক্ষ্যে দ্বিতীয় দিনের মতো ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি চলছে। শনিবার দেয়া হচ্ছে ৬ জুলাইয়ের টিকিট। ইদের টিকিট বিক্রির দ্বিতীয় দিনে প্রথম দিনের তুলনায় ভিড় একটু বেশি। সিরিয়াল বজায় রাখতে রেলওয়ে পুলিশের তৎপরতাও বেশি দেখা গেছে। (রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

সিলেটে ১৫ দিন পর দেখা মিলেছে সূর্যের

সিলেটে প্রায় ১৫ দিন পর সাত সকালে সূর্যের দেখা মিলেছে। শুক্রবার রাত থেকে বৃষ্টি না হওয়ায় কমেছে নদ-নদীর পানি। দীর্ঘদিন পর শনিবার সকাল থেকে সূর্যের তাপ ছড়ানোয় সিলেটের বিভিন্ন এলাকায় বন্যাকবলিত নগরীর বাসিন্দাদের মধ্যে অনেকটাই স্বস্তি দেখা দিয়েছে। (রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

সিলেট ও সুনামগঞ্জের বন্যাকবলিত এলাকায় দেখা দিয়েছে গো-খাদ্যের চরম সংকট

সুনামগঞ্জ ও সিলেট জেলায় বন্যাকবলিত বেশিরভাগ মানুষ গবাদি পশু নিয়ে বিপাকে পড়েছেন। এই দুই জেলায় গো-খাদ্যের চরম সংকট দেখা দিয়েছে। এমন পরিস্থিতিতে গৃহপালিত এসব পশু কম দামে বিক্রি করে দিতে চাইছেন অনেকেই। কোরবানির পশুর হাটে এর প্রভাব পড়বে বলে ধারণা করা হচ্ছে।

(রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

হবিগঞ্জের বানিয়াচংয়ে দুই গ্রুপের সংঘর্ষে এক বাকপ্রতিবন্ধী নিহত

হবিগঞ্জের বানিয়াচং উপজেলার ইউনিয়ন পরিষদের বর্তমান ও সাবেক দুই সদস্যের সমর্থকদের মধ্যে সংঘর্ষে বাকপ্রতিবন্ধী এক ব্যক্তি নিহত হয়েছেন। সংঘর্ষে আহত হয়েছেন আরও ৩০জন। শুক্রবার রাতে উপজেলার সুবিদপুর ইউনিয়নের আলমপুর গ্রামে এই ঘটনা ঘটে। (রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

চট্টগ্রামের প্রতারণার অভিযোগে ৬জনকে আটক করেছে র‌্যাব

র‌্যাব পরিচয়ে প্রতারণার অভিযোগে ৬জনকে গ্রেফতার করা হয়েছে। শুক্রবার রাতে চট্টগ্রাম নগরীর বায়েজিদ বোস্তামি এলাকা থেকে র‌্যাব তাদের গ্রেফতার করে। এই ৬জনের বিরুদ্ধে অভিযোগ তারা র‌্যাবের হাতে গ্রেফতার এক ব্যক্তির স্ত্রীর কাছ থেকে ৭০ হাজার টাকা নিয়েছেন। নিজেদের র‌্যাব সদস্য বলে পরিচয় দিয়ে ওই নারীর কাছ থেকে ৫ লক্ষ টাকা দাবি করেছিলেন ওই ৬জন। (রেডিও এবিসি: ১৫০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

হাজি ইউনুস আলী স্কুল অ্যান্ড কলেজ পাঁচদিন বন্ধ থাকার পর ক্লাসে ফিরেছেন শিক্ষক-শিক্ষার্থীরা

শিক্ষককে পিটিয়ে হত্যার ঘটনায় আলোচিত হাজি ইউনুস আলী স্কুল অ্যান্ড কলেজ পাঁচদিন বন্ধ থাকার পর শনিবার ক্লাসে ফিরেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। তবে কিশোর গ্যাং আতঙ্ক এবং আরো কিছু কারণে ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি আগের চেয়ে কম বলে জানা গেছে। শিক্ষক হত্যার ঘটনায় সম্পৃক্ত থাকার অভিযোগে একাদশ শ্রেণির এক শিক্ষার্থীকে সাময়িক বরখাস্ত করেছে কলেজ কর্তৃপক্ষ। (রেডিও এবিসি: ১৮০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

পবিত্র হজ পালন করতে গিয়ে সৌদি আরবে আরো চার বাংলাদেশির মৃত্যু

সৌদি আরবে পবিত্র হজ পালন করতে গিয়ে আরো চার বাংলাদেশির মৃত্যু হয়েছে। এ নিয়ে এ বছর হজ পালন করতে গিয়ে ১০ বাংলাদেশির মৃত্যু হলো। সর্বশেষ মৃত্যু চারজন হলেন- তপন খন্দকার, মোহাম্মদ রফিকুল ইসলাম, মোসাম্মাৎ ফাতিমা বেগম এবং মোঃ আব্দুল গফুর মিয়া। ধর্ম মন্ত্রণালয়ের হজ ব্যবস্থাপনা সংক্রান্ত পোর্টাল সূত্রে এই তথ্য জানা গেছে। (রেডিও এবিসি: ১৮০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

রাবির হোসেন শহিদ সোহরাওয়ার্দী হলে ২০ শিক্ষার্থীকে হলে উঠাতে পেরেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হোসেন শহিদ সোহরাওয়ার্দী হলে শেষ পর্যন্ত ২০ শিক্ষার্থীকে কক্ষে তুলে দিতে পেরেছে হল প্রশাসন। গতকাল শুক্রবার রাত ৯টা থেকে শনিবার ভোর সাড়ে ৪টা পর্যন্ত দফায় দফায় বৈঠক করে তাদের কক্ষে তুলে দেয়া হয়। তবে ছাত্রলীগের বাধার মুখে ওই ২০ শিক্ষার্থীর মধ্যে পাঁচজনকে বরাদ্দ করা কক্ষে তুলে দেয়া সম্ভব হয়নি। (রেডিও এবিসি: ১৮০০ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

রেডিও টুডে

পদ্মা সেতু নিয়ে যারা ষড়যন্ত্র করেছে, মানুষ তাদের ধিক্কার দিচ্ছে: তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন, পদ্মা সেতু হওয়ার পর দেশের মানুষ যখন উল্লাসিত, তখন বিএনপি খেই হারিয়ে উল্টাপাল্টা বলছে। শনিবার নিজ বাসায় এক ব্রিফিংয়ে এ কথা বলেন তথ্যমন্ত্রী। এ সময় তিনি বলেন, পদ্মা সেতু নিয়ে যারা ষড়যন্ত্র করেছে, মানুষ তাদের ধিক্কার দিচ্ছে। এসব দেখে বিএনপি এখন খেই হারিয়ে নানা ধরনের উল্টাপাল্টা বক্তব্য দিয়ে বেড়াচ্ছে। তথ্যমন্ত্রী আরও জানান, হাইকোর্টের একটি রায় আছে পদ্মা সেতুর বিরুদ্ধে যারা ষড়যন্ত্র করেছেন, তাদের খুঁজে বের করার জন্য কমিশন গঠন করতে বলা হয়েছে। হাইকোর্টের রায়টি পরীক্ষা-নীরিক্ষা করে কী করা যায় সরকার তা বিবেচনা করবে। (রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ০৩.০৭.২০২২ আসাদ ও নারগীস)

বাংলাদেশ ও ওয়েস্ট ইন্ডিজের মধ্যকার প্রথম টি-টোয়েন্টি ম্যাচ পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে

ডোমেনিকায় বাংলাদেশ ও ওয়েস্ট ইন্ডিজ মধ্যকার প্রথম টি-টোয়েন্টি ম্যাচ পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। খারাপ আবহাওয়া কারণে ম্যাচ ১৪ ওভার নির্ধারণ করলেও সেটাও সম্পূর্ণ করা সম্ভব হয়নি। বারবার অপেক্ষা করার পর শেষ পর্যন্ত বাংলাদেশ সময় রাত ৩টা ২০ মিনিটে পরিত্যক্ত করা হলো তিন ম্যাচ সিরিজের প্রথম টি-টোয়েন্টি। এই মেঘ বৃষ্টির মধ্যে খেলা মাঠে গড়ালো ১৩ ওভার। এই সময়ে বাংলাদেশের ব্যাটিংয়ে দেখা গেল সেই ব্যর্থতারই চিত্র। উইকেটে সবার ছিল আসা যাওয়ার তাড়া। এরই মধ্যে সাকিব আল হাসান ও নুরুল হাসান সোহানের কল্যাণে বৃষ্টি বিঘ্নিত ম্যাচটিতে ১০০ ছাড়ায় বাংলাদেশ। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টস হেরে আগে ব্যাট করতে নেমে ১৩ ওভারে আট উইকেটে হারিয়ে ১০৫ রান করেছে বাংলাদেশ। দলের পক্ষে সর্বোচ্চ ২৯ রান করেছেন সাকিব আল হাসান। (রেডিও টুডে: ০৮৪৫ ঘ. ০৩.০৭.২০২২ আসাদ ও নারগীস)

অনলাইনে টিকিট কাটতে ভোগান্তির শিকার হলে সে বিষয়ে ব্যবস্থা নেয়া হবে: রেলমন্ত্রী

অনলাইনে টিকিট কাটতে ভোগান্তির শিকার হলে সে বিষয়ে ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন। এ বিষয়ে তথ্য জানাতে গণমাধ্যমের সহযোগিতা চেয়েছেন তিনি। মন্ত্রী বলেন, ইদুল-ফিতরের সময় অনলাইনে টিকিট কাটতে বিভিন্ন অভিযোগ ছিল। তবে এবার এখন পর্যন্ত সে ধরনের অভিযোগ পাইনি। গণমাধ্যমে দেখলাম

অনেকেই অনলাইনের মাধ্যমে টিকিট কাটতে পেরেছেন। এরপরও এবার অনলাইন টিকিটে ফাঁক-ফোকর পেলে ব্যবস্থা নেয়া হবে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

আওয়ামী লীগ নেতা মুকুল বোস মারা গেছেন

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য মুকুল বোস মারা গেছেন। ভারতের চেন্নাইয়ের অ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ ভোর ৫টা ২০ মিনিটে তিনি মৃত্যুবরণ করেন। আওয়ামী লীগের দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া বিষয়টি নিশ্চিত করেছেন। মৃত্যুকালে মুকুল বোস স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে রেখে গেছেন। শ্রী মুকুল বোসের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

তিনমাস পর আবারো আগামীকাল ভার্চুয়াল পদ্ধতিতে অনুষ্ঠিত হবে মন্ত্রিপরিষদের বৈঠক

করোনা মহামারির মধ্যে দেশে ভার্চুয়াল পদ্ধতিতে হয়েছিল মন্ত্রিসভার বৈঠক। দীর্ঘদিন পর চলতি বছরের ২৮ মার্চ থেকে আবার সশরীরে এই বৈঠক হয়। তিনমাস পর আবারও ভার্চুয়াল পদ্ধতিতে হতে যাচ্ছে বৈঠক। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সম্প্রতি সংশ্লিষ্টদের পাঠানো এক চিঠিতে জানানো হয় আগামীকাল রোববার ভার্চুয়াল পদ্ধতিতে মন্ত্রিসভা বৈঠক অনুষ্ঠিত হবে। এতে বলা হয়, আগামী ৩ জুলাই সকাল ১০টায় মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হবে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

সুরমা নদীর তীরের ভাঙন রক্ষা প্রকল্পের মেয়াদ আরো এক বছর বাড়িয়েছে পরিকল্পনা মন্ত্রণালয়

চলতি বছরের জুনে সিলেটের সুরমা নদীর তীরের ভাঙন রক্ষা প্রকল্পের বাস্তবায়নের মেয়াদ শেষ হয়েছে। কিন্তু এ সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়নে ব্যর্থ হয়েছে প্রকল্প কর্তৃপক্ষ। এ জন্য এ প্রকল্পটির আরো এক বছর সময় বৃদ্ধি করার প্রস্তাবে অনুমোদন দিয়েছে পরিকল্পনা মন্ত্রণালয়। পরিকল্পনা সূত্রে জানা গেছে, সিলেট জেলা সদর ও বিশ্বনাথ উপজেলায় দশগ্রাম, মাহতাবপুর ও রাজাপুর পরগনা বাজার এলাকা, সুরমা নদীর উভয় তীরের এলাকার ভাঙন হতে রক্ষা শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করেছিল পানি উন্নয়ন বোর্ড। এর প্রেক্ষিতে পরিকল্পনা মন্ত্রণালয় প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন দিয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

কোরবানির ইদকে সামনে রেখে এবার বাড়তে শুরু করেছে মশলা জাতীয় পণ্যের দাম

কোরবানি ইদের বাকি এখনো আটদিন। এর মধ্যেই ইদকে কেন্দ্র করে মশলা জাতীয় পণ্যগুলোর দাম বাড়ছে। এরই মধ্যে কোরবানিতে অন্যতম প্রয়োজনীয় মশলাপণ্য পিঁয়াজের দাম বেড়েছে প্রায় দ্বিগুণ। আদা, রসুন, এলাচ এবং দারুচিনির দামও এখন চড়া। উর্ধ্বমুখী নিত্যপণ্যের বাজারে নতুন করে মশলার দাম বাড়ায় বড় বিপদের মুখে পড়েছেন নিম্ন ও মধ্যমআয়ের মানুষগুলো। ইদের আগে মসলা, তেল, চাল, ডাল দাম সহনীয় পর্যায়ে আনার দাবি জানিয়েছেন তারা। তারা বলেন, কোরবানির ইদে নিত্যপণ্যের মতো মশলাও অপরিহার্য পণ্য। অন্যদিকে ব্যবসায়ীরা বলছেন, সবকিছুর দাম বাড়ছে তাই এখন মশলার দামও বাড়ছে। তবে চাল, ডাল, তেল, আটার দাম যেভাবে বেড়েছে, সেভাবে মশলার দাম বাড়েনি বলে জানান তারা। দাম বৃদ্ধির পেছনের যুক্তি হিসেবে ব্যবসায়ীরা বলছেন, করোনার পর ইউক্রেন-রাশিয়া যুদ্ধের কারণে পণ্য আমদানিতে খরচ বেড়েছে। এ অবস্থায় ব্যবসায়ীদের টিকে থাকার স্বার্থে অন্য পণ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে দাম বৃদ্ধি হতেই পারে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ে নিয়ন্ত্রণ হারিয়ে ট্রাক দোকানে ঢুকে শান্ত নামের এক তরুণ নিহত

নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ে পণ্যবাহী ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে মহাসড়কের পাশের দোকানে ঢুকে পড়ায় শান্ত নামের এক তরুণ নিহত হয়েছেন। এই ঘটনায় ট্র্যাক চালক মোহাম্মদ রুবেল গুরুতর আহত হয়েছেন। শনিবার ভোরের দিকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কাঁচপুর এলাকার চাঁদমহল সিনেমা হলের সামনে এই দুর্ঘটনা ঘটে। শান্ত ঝিনাইদহের কালিগঞ্জ উপজেলার মৃত মহব্বত আলীর ছেলে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

দেশে করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় আরো ৬জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসের সংক্রমণে আরো ছয়জনের মৃত্যু হয়েছে। ফলে করোনায় মোট মৃত্যুর সংখ্যা এখন ২৯ হাজার ১৬০জন। একই সময়ে নতুন করে ১ হাজার ১০৫জন করোনা রোগী শনাক্ত হওয়ায় দেশে মোট শনাক্ত রোগীর সংখ্যা বেড়ে দাঁড়ালো ১৯ লাখ ৭৬ হাজার ৭৮৭জনে। বিকেলে স্বাস্থ্য অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

দেশে গণমাধ্যমের কার্যক্রম এখন অনেক বিস্তৃত: স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, তথ্য প্রবাহের অবাধ ও সুবর্ণ সময় বাংলাদেশ অতিক্রম করছে। দেশে গণমাধ্যমের কার্যপরিধি এখন অনেক বিস্তৃত। দৈনন্দিন জীবনের সঙ্গে গণমাধ্যম অঙ্গাঅঙ্গিভাবে জড়িত। সকালে বাংলা অ্যাকাডেমিতে আয়োজিত ব্রডকাস্ট জার্নালিস্ট সেন্টার বিজেসির আয়োজনে তৃতীয় সম্প্রচার সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন। সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে

প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। এ সময় গণমাধ্যমের বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন তথ্যমন্ত্রী। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

পদ্মা সেতু হওয়ার পর খেই হারিয়ে বিএনপি এখন উল্টাপাল্টা বলছে: তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন, পদ্মা সেতু হওয়ার পর দেশের মানুষ যখন উল্লসিত, তখন বিএনপি খেই হারিয়ে উল্টাপাল্টা বলছে। পদ্মা সেতু নিয়ে যারা ষড়যন্ত্র করছে মানুষ তাদের ধিক্কার দিচ্ছে। এসব দেখে বিএনপি এখন খেই হারিয়ে নানা ধরনের উল্টাপাল্টা বক্তব্য দিয়ে বেড়াচ্ছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

আজও অনেকেই লাইনে দাঁড়ালেও প্রত্যাশিত ট্রেনের টিকিট পাননি

ইদুল-আযহাকে সামনে রেখে ট্রেনের টিকিট বিক্রির দ্বিতীয় দিনে কমলাপুর রেলওয়ে স্টেশনে দুই-তিন ঘণ্টার মধ্যেই আজ সব টিকিট শেষ হয়ে যায়। টিকিট না পেয়ে অনেক টিকিট প্রত্যাশী রোববার টিকিট কাটার জন্য লাইনে দাঁড়িয়ে আছেন আজ দেয়া হয়েছে ৬ জুলাই টিকিট। আর আগামীকাল দেয়া হবে ৭ জুলাইয়ের টিকিট।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

পদ্মা সেতুর জাজিরা প্রান্তে সড়ক দুর্ঘটনায় একজন নিহত

পদ্মা সেতুর জাজিরা প্রান্তে টোল প্লাজার আগে নাওডোবা ব্রিজ সংলগ্ন এলাকায় মাইক্রোবাসের সঙ্গে বাসের ধাক্কায় একজন নিহত ও প্রায় ১৫জন আহত হয়েছেন। বিকেলে পদ্মা দক্ষিণ থানার ওসি মোঃ সুজন হক এই তথ্য নিশ্চিত করেছেন। বিকেল ৩টার দিকে এই ঘটনা ঘটে। নিহত আব্দুল মোল্লা কিশোরগঞ্জ জেলার আগানগর থানার টাগাইয়া গ্রামের বাসিন্দা। জানা গেছে, শনিবার ভৈরবের আগানগর ইউনিয়নের ৮০জন ব্যক্তি ৭টি মাইক্রোবাস নিয়ে পদ্মা সেতু দেখতে আসেন। পরে ভাঙ্গা থেকে বাড়ি ফেরার পথে আজ বিকেলে পদ্মা সেতুর জাজিরা অংশের এক্সপ্রেসওয়েতে কুয়াকাটা থাকা আসা একটি যাত্রীবাহী বাস পিছন দিক থেকে একটি মাইক্রোবাসকে ধাক্কা দেয়। এ সময় সড়কে মাইক্রোবাস উল্টে দুমড়ে-মুচড়ে যায়। এতে ঘটনাস্থলেই আব্দুল মোল্লা নামের একজন নিহত ও অন্তত ১৫জন আহত হন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ০২.০৭.২০২২ আসাদ ও নারগীস)

BBC

MIGRANT DEATH TRUCKER UNAWARE AIR CON HAD FAILED IN TEXAS

The suspected driver of a truck where 53 migrants died from heat in Texas did not know that the air conditioner had stopped working, court documents say. Homero Zamorano, 45, was found hiding near the truck on Monday, officials say. He is one of four people charged. Mr Zamorano and alleged conspirator Christian Martinez, 28, are accused of sending text messages to each other before and after the truck was found. It is the deadliest human trafficking incident in US history. Several children found in the vehicle are still being treated in hospital. The victims were from Mexico, Honduras, El Salvador and Guatemala.
(BBC: 2200+2300 hrs. 02.07.2022 Faruk & Nargis)

GAMBIA BANS TIMBER EXPORTS TO HALT SMUGGLING SURGE

The Gambia has banned timber exports and revoked all export licenses to try to combat illegal logging. The ban has come into effect immediately, and the port authorities have been instructed to refuse to load timber logs onto any vessel. In 2020, a BBC investigation revealed that vast quantities of protected West African Rosewood were being trafficked through the country from Senegal. Much of it ends up in China, where it is used to make furniture. (BBC: 2200+2300 hrs. 02.07.2022 Faruk & Nargis)

NEW YORK OVERHAULS GUN LAWS AFTER COURT RULING

New York has passed emergency legislation to ban guns from many public places, following last month's landmark Supreme Court ruling which struck down the state's restrictions. The rules also require gun buyers to prove they can use a gun and submit social media accounts for review. Analysts say the new restrictions may end up in a fresh legal challenge. The Supreme Court's ruling, effectively expanding gun rights, is its most important on guns in over a decade. (BBC: 2200+2300 hrs. 02.07.2022 Faruk & Nargis)

LIBYAN PROTESTERS STORM PARLIAMENT BUILDING

Protesters have stormed Libya's parliament in the eastern city of Tobruk and set fire to part of the building. Images posted online showed thick columns of smoke as the demonstrators burned tyres outside. There have been rallies in other Libyan cities against continuing power cuts, rising prices and political deadlock. In the capital, Tripoli, where a rival administration holds sway, protesters called for elections. Their demand was backed by the head of the

interim unity government, Abdul Hamid Dbeibah, who said all the country's institutions needed to be changed. (BBC: 2200+2300 hrs. 02.07.2022 Faruk & Nargis)

RUSSIAN MISSILES KILL 21 NEAR ODESA, IN UKRAINE

At least 21 people, including one child, have died in overnight Russian missile strikes on Ukraine's southern Odesa region, Ukrainian officials say. The state emergency service, DSNS, says 16 people were killed in a nine-storey building hit by one missile in the village of Serhiyivka. Another five people, including the child, were killed in a separate strike on a holiday resort in the village. Russia has fired dozens of missiles on Ukrainian cities in the past few days. On Friday Kremlin spokesman Dmitry Peskov again denied that Russia was hitting civilian targets. (BBC: 2200+2300 hrs. 02.07.2022 Faruk & Nargis)

MORE AER LINGUS FLIGHTS CANCELLED DUE TO COVID

A number of additional Aer Lingus flights have been cancelled on Saturday and Sunday due to a spike in covid-19 cases among staff. The airline had already announced the cancellation of three return services on Saturday. The flights were between Dublin and London, Dublin and Amsterdam, as well as a return flight between London and Knock. Three return flights scheduled for Sunday have now also been cancelled. Those were flights between Dublin and Lisbon, Dublin and Milan and Dublin and Amsterdam.
(BBC: 2200+2300 hrs. 02.07.2022 Faruk & Nargis)

CHILDREN STARVE IN SOUTH SUDAN AFTER FOOD AID CUT

Two children and an adult have died of starvation in South Sudan as the suspension of food aid begins to hit, aid workers have told the BBC. The deaths occurred in a displacement camp in the northern Warrap state. It comes after the UN's World Food Programme (WFP) said it had suspended rationing programmes in parts of the country due to a lack of funding. In June, the body said it needed $426m to continue distributing food.
(BBC: 2200+2300 hrs. 02.07.2022 Faruk & Nargis)

TALIBAN LEADER MAKES FIRST VISIT TO KABUL

The Taliban's secretive leader, Mullah Haibatullah Akhundzada, has made his first visit to the Afghan capital Kabul, according to Taliban officials. Mullah Haibatullah was said to have addressed a large gathering of around 3,000 religious scholars convened to discuss issues of national unity. No independent journalists have been allowed to attend the gathering, which has taken place amid tight security. Audio of his speech was broadcast. Though, no video or photographs of Mullah Haibatullah have been published. Loud cheers could be heard as his presence was announced. (BBC: 2200+2300 hrs. 02.07.2022 Faruk & Nargis)

BIDEN VOWS TO PROTECT WOMEN TRAVELLING FOR ABORTION

US President Joe Biden has said that women travelling for abortions will be protected by the federal government. Millions of women in the US lost the constitutional right to abortion in June, after the Supreme Court overturned its 50-year-old Roe v Wade decision. The judgement has paved the way for individual states to ban the procedure. They have become local battlegrounds in the fight to overturn or uphold abortion services.
(BBC: 0600 hrs. 03.07.2022 Faruk & Nargis)

UK AND NEW ZEALAND EXPAND WORKING HOLIDAY VISAS

The UK and New Zealand will allow younger people to live and work in both countries for longer. UK Prime Minister Boris Johnson and his Kiwi counterpart Jacinda Ardern agreed to extend the Youth Mobility and Working Holiday schemes. The age limit for applicants will go up from 30 to 35, and the maximum length of time people can stay in the host country will now be three years. It follows similar deal to allow young people to work and travel in Australia. The UK-New Zealand scheme was previously open to 18-30years olds. Home Secretary Priti Patel said the move will give even more young Brits and New Zealanders the opportunity to develop their skills, make life-long connections and contribute to their host country. (BBC: 0600 hrs. 03.07.2022 Faruk & Nargis)

EARTHQUAKE KILLS FIVE NEAR SOUTHERN IRAN COAST

At least five people have been killed and more than 50 injured by a powerful earthquake and aftershocks in Iran's southern province of Hormozgan. The quack struck at 02:00 local time on Saturday near the coast, 100km south-west of the provincial capital Bandar Abbas. The victims died in the magnitude-six quack, state media reported, though two aftershocks were equality strong. A village, Sayeh Khosh, was flattened, local officials said. Rescuers are now

providing emergency housing and restoring water and electricity supplies. Tremors were felt in the United Arab Emirates and other neighbouring Gulf states.
(BBC: 0600 hrs. 03.07.2022 Faruk & Nargis)

SIERRA LEONE KNOCKS THREE ZEROS OFF ITS BANK NOTES

Sierra Leone has knocked three zeros off its banknotes with the launch of a new currency. The leone is being replaced by the new leone, so an old 10,000 leone note has the same value as a 10 new leone bill (the equivalent of just less than $1 or £0.60). Coins are also going to be re-introduced. According to Ibrahim Stevens, deputy governor of the Bank of Sierra Leone, the currency redenomination will not affect the purchasing power of the currency. But some are afraid their financial situation could worsen. The West African country's economy is unstable because of rising inflation, foreign exchange fluctuations and a huge dependence on imports. (BBC: 0600 hrs. 03.07.2022 Faruk & Nargis)

::THE END::